Quest

An Academic Journal

Quest

An Academic Journal

ULUBERIA COLLEGE
Uluebria, Howrah

Quest

An Academic Journal

Editor :

Dr. Aditi Bhattacharya

Co-ordinating Editor :

Dr. Siddhartha Sankar Bhattacharya

Editorial Board :

Dr. Prabir Pal, Dr. Biswajit Chowdhury,
Sm. Chandana Samanta, Dr. Jayasree Sarkar,
Dr. Chandana Giri, Sri Dipak Nath,
Dr. Momtaj Begam

Quest
An Academic Journal
Vol-4, 2008

Printed by : Charulekha Printer
Uluberia, Howrah
Ph. No. - 26610076

Frontispiece : *Portrait of Socrates*

Courtesy :
Living Biographies of Great Philosophers
By Henry Thomas and Dar Lee Thomas
Garden City Publishing Co. Inc.
New York

"Culture is activity of thought and receptiveness to beauty and human feeling. Scraps of information have nothing to do with it."

–Alfred North Whitehead

Content

Language and Literature :

রবীন্দ্রগানে অভিসারভাবনা	শুভময় ঘোষ	1-5
রবীন্দ্রদর্শনের আলোকে রবীন্দ্রজীবন ও আমরা	বাসন্তী ভট্টাচার্য	6-11
প্রতিবাদী সাহিত্য : নজরুল ইসলামের কবিতা	চন্দনা সামন্ত	12-16
মুক্তবুদ্ধি রোকেয়া : কন্যা থেকে নারী	ডঃ মমতাজ বেগম	17-23
রাধা	উত্তম পুরকাইত	24-31
ইনফ্যান্ট টেরিবল্	সুপ্রিয় ধর	32-41
বৈদিকযুগে নারীজাতির স্থান	স্বাতী সরকার	42-46

Social Science :

A Journy Into The Dark Cavern Of The Mind	Dr. Aditi Bhattacharya	47-53
Women's Emancipation and Krishnabhabini	Dr. Jayashree Sarkar	54-61
Impact Of Tourism In A Religious Town-Haridwar	Arup Saha	62-66

Science :

Feynman's Approach to Quantum Electrodynamics	Dr. Gautam Kumar Mallik	67-72

Not them, Blame their Chemistry!	Dr. Pratiti Ghosh	73-76
Changing Perspectives in Biodiversity Conservation	Dr. Supatra Sen	77-83
GLOBAL WARMING	Shyamal Kumar Sarkar	84-86
মঙ্গল গ্রহের মেঘে বরফের সন্ধানে - লেসার	গোপেন্দ্র নাথ রায়	87-89

Commerce :

GLOBAL WARMING – A Challenge in the 21st Century	Dipak Kumar Nath	90-101

Library Science :

Open Library : a brief discussion in Indian context	Ms. Sarama Das	102-107

Editorial

We started our journey four years back. We have succeeded in bringing out our academic journal once a year and with T.S. Eliot we can now say, 'we shall not cease from exploration.' Our exploration in different branches of knowledge is going on as is evident by the writings of our faculty members on various interesting topics. We are happy to note that the journal has been appreciated by our colleagues in different colleges. We look forward to the suggestions and comments from our esteemed readers.

We hope that with the co-operation of all cencerned we would be able to continue our endeavour.

Language and Literature

রবীন্দ্রগানে অভিসারভাবনা ঃ

পদাবলীর উত্তরাধিকার ও আধুনিকতার বিস্তার

শুভময় ঘোষ

রবীন্দ্রনাথের বাণীশিল্পের চরম উৎকর্ষতা গানে। কোনো বিতর্কে না গিয়েও বলা যায় যে, তাঁর সৃষ্টিসমুদ্র মন্থন করে যদি কোনো অমৃতভাণ্ড উঠে আসে, তবে সে গানের সুধাপাত্র। তার কণামাত্র প্রসাদে সমস্ত ধূসরতার মাঝে প্রাণ জেগে ওঠে। মনে পড়ে রবীন্দ্রগীতির এই অমৃতস্পর্শের কথা মনে রেখেই এক নারী কবিকে বলেছিলেন — "কবি, তোমার গান শুনলে আমি যেন মরণলোক থেকে উঠে আসতে পারি।" এমনই মৃতসঞ্জিবনী সেই গান। এ-নিবন্ধের বিষয় — "রবীন্দ্রগানে আভিসার ভাবনা ঃ পদাবলীর উত্তরাধিকার ও আধুনিকতার বিস্তার।" অবশ্য এখানে রবীন্দ্রনাথের গান বলতে আমি তাঁর গানের ভাবসম্পদকেই গ্রহণ করেছি, তার সাঙ্গীতিক আলোচনায় আমি অধিকারহীন। আর রবীন্দ্রগানের সেই অমিত বিত্ত থেকে সাধারণ পাঠক ও শ্রোতা হিসাবেই আমি বেছে নিয়েছি অতি-পরিচিত এবং বহুশ্রুত গানগুলিই। যেখানে এক মগ্নতায় কবিসত্তা আর তাঁর 'নিভৃত প্রাণের দেবতা'র অভিসার ধরা পড়েছে বহুমাত্রিক ব্যঞ্জনায়। সেইসব গানে বৈষ্ণব পদসাহিত্যের 'অভিসার'-এর উত্তরাধিকার ও আধুনিকতার সূত্রসন্ধানই আমার অন্বিষ্ট।

ভক্তি আর প্রেমের আবেগে জড়ানো রবীন্দ্রনাথের যে বিশিষ্ট প্রেমচৈতন্য প্রকাশ পেয়েছে এ-সব গানে — কিভাবে কবি অর্জন করলেন তা — সেই প্রশ্নের উত্তরে কতগুলি বহুচর্চিত কথা মনে আসে। জন্মসূত্রেই একধরনের ভক্তির পরিমণ্ডল পেয়েছিলেন তিনি। কেননা, তাঁর জন্ম বৈষ্ণব গৃহস্থ বংশে। পিতা দেবেন্দ্রনাথের অন্তরেও বেশ ভক্তিরস ছিল। রামমোহনের নৈর্ব্যক্তিক ব্রহ্ম-উপাসনায় দেবেন্দ্রনাথ আবেগঋদ্ধভক্তি অনুভবের স্পর্শ এনে দিয়েছিলেন। কিন্তু এই উত্তরাধিকারটুকু ছাড়া প্রেমভক্তির জগতে বাকিটুকু তাঁর ব্যক্তিগত উপার্জন। সদাহাস্যময় ভক্তপ্রাণ শ্রীকণ্ঠ সিংহের প্রশ্রয়, তাঁর কাছে শেখা গান — "ময় ছোড়ো ব্রজকি বাসরী", অক্ষয়চন্দ্র চৌধুরীর সাহচর্য, নতুন বৌঠানের সঙ্গে নিবিড় সখ্যতা এবং পরে তাঁর অস্বাভাবিক মৃত্যুর কঠিন আঘাত — এ-সবই একটু একটু করে গড়ে তুলেছিল তাঁর বিশিষ্ট প্রেম ও অধ্যাত্মচেতনাকে। রাধা যেমন বাঁশির সুর শুনেই কৃষ্ণের প্রতি আকৃষ্ট হয়েছিলেন, কবিও তেমনি ছন্দের টানেই বৈষ্ণব কাব্যের বিশ্বে প্রবেশ করেছিলেন। দশ-এগার বছর বয়সে বাবার বোটের এক কামরার দেরাজ থেকে এভাবেই তিনি আবিষ্কার করেছিলেন 'গীতগোবিন্দ'।

কবির নিজের কথায় —"জয়দেব সম্পূর্ণত বুঝি নাই, অসম্পূর্ণ বোঝা বলিলে যাহা বোঝায়, তাহাও নহে, তবু সৌন্দর্য্যে আমার মন এমন ভরিয়া উঠিয়াছিল যে আগাগোড়া গীতগোবিন্দ একখানি খাতায় নকল করিয়া লইয়াছিলাম"। বড়দাদা দ্বিজেন্দ্রনাথের আলমারি থেকে তিনি পেয়েছিলেন বিদ্যাপতির পদাবলী। অক্ষয় চৌধুরীর কাছে ইংরেজ কিশোর কবি চ্যাটার্টনের কথা শুনে প্রাণিত হয়েছিলেন 'ভানুসিংহের পদাবলী' রচনায়। এরপর জীবনদেবতা পর্ব থেকেই তাঁর সেই প্রেমচেতনা বিশিষ্ট রূপ নিল, সে-চেতনায় বৈষ্ণবতাও স্থান করে নিল কবির স্বকীয়তায় জারিত হয়ে। তার প্রমাণ খুঁজতে খুব বেশি প্রচেষ্টার প্রয়োজন নেই, যে 'বীণা' আর 'বাঁশি' তাঁর গানে প্রায় রেকারেন্ট মোটিফের মতোই ব্যবহৃত হয়েছে বিভিন্ন তাৎপর্যে, মাত্রায় — তার প্রথমটি রবীন্দ্রসাহিত্যে সংস্কৃত কাব্যের এবং দ্বিতীয়টি বৈষ্ণব পদাবলীর উত্তরাধিকার।

বৈষ্ণব সাহিত্যের বিভিন্ন রস ও বিচিত্র পর্যায়ের কথা মনে রাখলে বলা যায় যে, রবীন্দ্রনাথের গানে তার অনেকগুলিরই ভাবানুষঙ্গ খুঁজে নেওয়া যায়। 'পদপ্রান্তে রাখ সেবকে' কিংবা 'প্রভু আরও আরও আরও' — এ-সব গানে যেন দাস্যরসের সাধনা। সখ্যরসের ভাবনায় চকিতে মনে পড়ে যায় সচেতন বৈষ্ণবীয় রীতি অনুসরণে লেখা 'প্রকৃতির প্রতিশোধ' এর সেই গান — " হেদে গো নন্দরানী / আমাদের শ্যামকে ছেড়ে দাও।" "আমরা হিয়ার মাঝে লুকিয়ে ছিলে দেখতে আমি পাইনি" —এ-গান যেন 'ভাবসম্মিলন'-এর। কিন্তু গহন-গভীর সংযতবাক্ রবীন্দ্রগানে যেন সবচেয়ে বেশি ব্যবহৃত হয়েছে পদাবলীর 'অভিসার'-এর অনুষঙ্গ। বৈষ্ণব পদাবলীতে এই 'অভিসার খুব গুরুত্বপূর্ণ এক পর্যায়, কেননা এখন ঘরছেড়ে পথে নামবার সময় হলো রাধার। কৃষ্ণের আহ্বানের কাছে, প্রেমের বেগ-আর আবেগের কাছে তুচ্ছ হয়ে গেল গৃহটান, কুল-শীল মান। তত্ত্বের দিক থেকে এ-যেন রাধার প্রেমের অগ্নিপরীক্ষা। ঈশ্বরের সঙ্গে মেলবার পথে ভক্তের সঙ্গী নেই কেউ, সে-পথে একাকী তার যাত্রা। তাই 'উজ্জ্বলনীলমনি'তে 'অভিসারিকা'র সংজ্ঞায় রূপগোস্বামী একটি সখী-সঙ্গে রাধার অভিসারের কথাবললেও, বৈষ্ণব পদকর্তারা কিন্তু রাধাকে একাকিনীই পথে বের করেছেন। রবীন্দ্রনাথের অভিসারভাবনার গানেও আছে অন্তরলোকে এক যাত্রার কথা, সে যাত্রাপথেও কবিপ্রাণ নিঃসঙ্গ, একা। যেন কবি জানেন— " যে পথে যেতে হবে সে পথে তুমি একা।/নয়নে আঁধার রবে ধেয়ানে আলোকরেখা।" বৈষ্ণব পদাবলীতে যেমন অভিসারের অষ্টপ্রকারের নিপুন চিত্রণ সত্ত্বেও কবির ঝোঁক বর্ষারাত্রির অভিসার বর্ণনাতেই, রবীন্দ্রনাথেও তেমনি। অভিসারের শ্রেষ্ঠ কবি গোবিন্দদাস বলেন সেই ঝড়ে-বিদ্যুতে-বজ্রপাতে ভীষণ-

ভয়াল রাতের কথা — যে রাত্রে পথ হয়ে থাকে 'শঙ্কিল-পঙ্কিল', যে রাত্রে "ঘন ঘন ঝন ঝন বজর-নিপাত।/শুনতেই শ্রবণে মরম জরি যাত।। /দশ দিশ দামিনী দহন বিথার।/ হেরইতে উচকই লোচন তার।।" সেই সূচীভেদ্য 'ঘন আন্ধিয়ার'এর সঙ্গে মিশেছে 'শতশত ভুজগভয়'। রবীন্দ্রনাথে এই অনুপুঙ্খ, বিশদ চিত্রধর্মিতা সংহত হয়ে এসেছে ইঙ্গিতময় ব্যঞ্জনায়। সেখানে আছে ঝড়ের রাতে পরানসখার অভিসারের কথা (আজি ঝড়ের রাতে তোমার অভিসার), কিংবা সেই প্রবল ঝড়ে দুয়ার ভেঙে পড়ার বিপর্যয় (যে রাতে মোর দুয়ারগুলি ভাঙল ঝড়ে)। কখনও সেই প্রবল ঝড়ে পথিক কবির 'বাতি নিভে যায়, ভুল হয়ে যায় পথ (যেতে যেতে একলা পথে নিভেছে মোর বাতি)। পদাবলীর জগতে যেমন এক নারী যাত্রা করে অভিসারে, রবীন্দ্রগানেও তেমনি কবিসত্তা প্রেমে, ভক্তিতে, নিবেদনে যেন এক অভিসারিকাই। তার নারী পরিচয় খুব স্পষ্ট নয় হয়তো, ঘোষিত নয় সবসময়, কিন্তু স্ত্রী পুরুষ নির্বিশেষে সকলের মধ্যেই এক নারীসত্তাকে পুঞ্জীভূত দেখেন রবীন্দ্রনাথ, কবির অন্তর-যাত্রায় সেই অভিসারিকা। কিন্তু পদাবলীর প্রচলিত ধারা থেকে রবীন্দ্রনাথের গান পৃথক হয়ে যায়, যখন দেখি সেখানে 'অভিসার' এক-তরফা নয় মোটেই বরং দুতরফা। পদাবলীতে শ্যামের অভিসার যাত্রার পদ যে একেবারেই নেই তা হয়তো নয়, কিন্তু, পূর্ণশক্তির সঙ্গে মিলবার আকুলতা সেখানে অংশশক্তি রাধার দিক থেকেই অতল হয়ে উঠেছে। রবীন্দ্রনাথও যখন ঈশ্বরকে দেখেন সমস্ত বিশ্ব-চরাচরের কেন্দ্রে নিয়ন্তা হিসাবে, তখন অপূর্ণকেই তিনি 'পূর্ণের দিকে' চলতে দেখেন। আর বলেন, "পরিপূর্ণ অপেক্ষা করছে স্থির হয়ে", সে শুধু বাজায় 'প্রতীক্ষার বাঁশি' 'সুর তার এগিয়ে চলে অন্ধকার পথে।' কিন্তু সেই বিশ্বনিয়ন্তাকে যখন তিনি পান অন্তরের লীলারহস্যে, তখন সেই চলাচল হয়ে উঠে উভমুখী। দেখা দেয় উভয়াভিসার। উদাহরণ হিসাবে বলা যায়, একটি গানে রবীন্দ্রনাথ যখন বলেন — "কবে আমি বাহির হলেম তোমারই গান গেয়ে সে তো আজকে নয়"— তখন সেখানে কবিসত্তা বেরিয়েছে অভিসারে। আবার অন্য একটি গানে যখন বলেন —"আমার মিলন লাগি তুমি আসছ কবের থেকে / তোমার চন্দ্র সূর্য তোমায় রাখবে কোথায় ঢেকে" — তখন সেখানে 'আমি' নয় তুমি'ই যাত্রা করেছে অভিসারে। কবিসত্তা যেন আছে প্রতীক্ষায় — কখনও 'দুয়ার খুলে' প্রিয়তমের আসার পথে চায়, কখনও বা 'বহুযতন করে' ধুয়ে-মুছে রাখতে চায় তার ঘর, তার অন্তরলোক— 'যদি আমায় পড়ে তাহার মনে'। আবার কখনও তিনি এসে পড়েন "অনাহূতের মতো" মরু পার হয়ে — তখন এই আক্ষেপে ভরে ওঠে কবিমন, যে, তাঁর প্রিয়কে তিনি 'পথের দুঃখ' দিলেন, 'কেন

চোখের জলে' পথের 'শুকনো ধুলো যত' ভিজিয়ে দিলেন না তিনি — পথকে করে তুললেন না কোমল, মসৃণ, সহনীয়। কখনও কখনও আবার প্রিয়তমের আবির্ভাবের প্রতীক্ষায় তাঁর অভ্যর্থনার আয়োজন করেন কবি — "ওগো বঁধু, দিনের শেষে এলে তুমি কেমন বেশে /আঁচল দিয়ে শুকাব জল মুছাব পা আকুল কেশে"। 'তিমির রাতি' 'নিবিড় হলে' প্রেমের বাতি জ্বেলে দেবেন তিনি, প্রিয়তমের জন্য 'পরানখানি' পেতে দেবেন, তিনি যেন তার ওপর চরণরাখেন। লক্ষণীয় যে, প্রকৃতি পর্যায়ের অন্তর্গত এই গানে সুস্পষ্ট হয়ে উঠছে কবির অন্তর্গত নারীরূপটি,আর বৈষ্ণবীয় একটি পরিমণ্ডল প্রেমে, ভক্তিতে, নিবেদনে, মিশে গানটিকে যেন ঘিরে থাকে। এইখানে — আর একটি কথা বলা জরুরি। বৈষ্ণব পদাবলীতে রাধাকৃষ্ণলীলায় অভিসারের পথ যতই দুর্যোগময়, ভীষণ, ভয়াল হোক, পথশেষের কান্ত কৃষ্ণ কিন্তুমধুরে মধুর। কিন্তু রবীন্দ্রগানে বহির্মুখী, মোহমূর্ছিত, বিমুখ কবিপ্রাণে কখনও কখনও রুদ্ররূপেও তাঁর আগমন প্রার্থিত। যে আঘাত সমস্ত বহির্মুখিতা আর বিক্ষিপ্ততা থেকে আবার কবির দৃষ্টি ফিরিয়ে দেবে 'ভিতর পানে'। 'জীবন যখন শুকায়ে যায়' এই গানটির শেষাংশে কবি তাই বলেছেন— 'আপনারে যবে করিয়া কৃপণ কোণে পড়ে থাকে দীনহীন মন / দুয়ার খুলিয়া, হে উদারনাথ, রাজসমারোহে এসো।/ বাসনা যখন বিপুল ধুলায় অন্ধ করিয়া অবোধ ভুলায়, / ওহে পবিত্র, ওহে অনিদ্র, রুদ্র আলোকে এসো।।" অথবা, অন্য একটি গানে কবির প্রার্থনা —"যদি, এ আমার হৃদয়দুয়ার বন্ধ রহে গো কভু/ দ্বার ভেঙে তুমি এস মোর প্রাণে ফিরিয়া যেওনা কভু ।" এই অতন্দ্র পথচলার কারণেই রবীন্দ্রনাথের বহু গানে এই কান্ত সম্বোধিত হয়েছেন 'পথিক', 'পথের সাথী', 'পান্থ' এবং 'পান্থজনের সখা' রূপে। রবীন্দ্রনাথের গানে তাই অনেকসময়ই এইপারস্পরিক অভিসার পরিণত হয় যুগলচলনে। কবির 'পরাণসখা' কবিকে ডাক দিয়ে যান যাত্রাপথে, কবি সেই পথে তাঁকে অনুসরণ করেন। অন্ধকারে তাঁর উপস্থিতি হয়ত দৃশ্যমান হয় না, তবু কবি তাঁর 'একলা পথে চলা' কে 'রমনীয়' করে তুলতে চান এই বিশ্বাসে যে— "আপনি তুমি আমার পথে লুকিয়ে চল সাথে"। পদাবলীর 'অভিসার' এর অনুষঙ্গ বহন করে আর একটি দিক থেকেও রবীন্দ্রনাথের গানগুলি স্বতন্ত্র এবং আধুনিক হয়ে ওঠে। বৈষ্ণব পদসাহিত্যে শ্রীমতীর সাধনা নিজেকে ঘুচিয়ে দেবার সাধনা। নিজের সমস্ত স্বাতন্ত্র্য মুছে দিয়ে সর্বার্থেই তিনি হয়ে উঠতে চান শ্যামময়ী। কিন্তু রবীন্দ্রনাথ তাঁর আপন ঈশ্বরের প্রতি ভক্তি ভালোবাসা বজায় রেখেও নিজের স্বাতন্ত্র্যের গৌরবটুকু ধরে রাখতে চান। তাঁর সাধনা নিজেকে মুছে দেবার নয়, নিজের 'হয়ে ওঠা'র সাধনা। 'নিভৃত প্রাণের' সেই দেবতার সঙ্গে না মিললে

তাঁর যেমন পূর্ণতা নেই, তেমনি তাঁকে না পেলে অচরিতার্থ থেকে যায় পরাণসখার প্রেমও। তাই একটি গানে তিনি বলেছেন — "তাই তোমার আনন্দ আমার 'পর/তুমি তাই এসেছে নিচে/ আমায় নইলে ত্রিভুবনেশ্বর/ তোমার প্রেম হতো যে মিছে।" ঈশ্বরের লীলায় নিজ সত্তার এই মর্যাদা ঘোষনা রেনেসাঁ সম্ভূত ব্যক্তিস্বাতন্ত্র্যেরই জয়ঘোষণা।

এবার কথাশেষের পালা। মধ্যযুগীয় বাংলা সাহিত্যের স্বর্ণফসল বৈষ্ণব পদাবলীও একালের পাঠককে টানতে পারে তার গুহ্যায়িত সম্মোহনে। তারও মধ্যে পাঠক হয়তো খুঁজে নিতে পারেন এক ব্যক্তিক লীলাজগৎ। কিন্তু রাধা-কৃষ্ণের মিথ্, তাদের সামাজিক পরিচিতি কিংবা, বৈষ্ণব তত্ত্বের গুরুভার আমাদের সংস্কারে এমনই দৃঢ়প্রোথিত যে, তার মধ্যে একালের মন ডানা মেলতে পারে না। এক হিসাবে হয়তো রবীন্দ্রনাথের এইসব গানেও সংস্পৃষ্ট হয়ে থাকে গীতিকারের নিজস্ব ঈশ্বরভাবনা। কিন্তু এ ঈশ্বর কোনো গোষ্ঠী বা সম্প্রদায়ের নয়, কবির একান্ত ব্যক্তিগত দেবতা। আর গানগুলি যেহেতু বাধা থাকে 'আমি' আর 'তুমি' এই দুটি সর্বনামে, তাই তার লীলারহস্যে ঝাঁপ দিতে পারেন যে-কেউ — তার নিজের মতো করে। এ-গান তখন হয়ে ওঠে তার 'আপন গান'। এমনকি আজকের ঈশ্বরে বিশ্বাসহীন মানুষও এ-গানকে আস্বাদন করতে পারেন পরম গভীরতায়। তখন এ-গানের 'তুমি'-কে ভাবা যেতে পারে ব্যক্তিরই দ্বিতীয় সত্তা বলে। রবীন্দ্রনাথ যেমন বলেন — "আমার মধ্যে এমন আমি আছে যে আমার চেয়ে বড়ো, আমার মধ্যে তাকে কুলোবে কী করে।" সেই পরম সম্ভাবনাময় বৃহৎ 'আমি' কে কেউ ভাবতে পারেন গানের 'তুমি' হিসাবে। আর রবীন্দ্রগানের 'আমি' তখন হয়ে ওঠে প্রতিদিনের দিনযাপনে ধূসর, ব্রতস্খলিত খণ্ডিত 'আমি'। 'তুমি'র সুরে সুর মেলাবার প্রয়াসে যার সাঁঝ-বেলা গড়িয়ে যায়। সেই প্রয়াসই তো ব্যক্তির ক্রমশ 'হয়ে ওঠা'। কোনো এক নিভৃতিতে যে-কোনো সংবেদনশীল মানুষই শুনতে পান নিজের ব্যক্তিসত্তার গভীরে সেই দ্বিতীয় কণ্ঠস্বর। 'অতল জলের আহ্বান'-এর মতো যা ব্যক্তিকে কখনও শান্তি, ক্ষান্তি দেয়না — কেবলই তাকে ডাক দেয় প্রেয়বোধের জগৎ ছেড়ে শ্রেয়বোধের পথে। রবীন্দ্রনাথের এইসব অভিসার ভাবনার গান তখন 'বাহির দুয়ারে' কপাট ফেলে, ভিতরদিকে খুলে দেয় এক চলাচলের পথ — আমাদের ফিরিয়ে আনে কেন্দ্রের কাছে, আত্মস্থ করে। তখন প্রতিদিনের ধূসরতায় সেই গান হয়ে ওঠে এক বিরামহীন আত্মদীক্ষার, আত্মজাগরণের গান। সমস্ত বহির্মুখী বিক্ষিপ্ততায়, তুচ্ছ মোহের নাগপাশে ঘেরা জীবনে সে-গান হয়ে ওঠে এক সুনিশ্চিত বিশল্যকরণী।

রবীন্দ্রদর্শনের আলোকে রবীন্দ্রজীবন ও আমরা

বাসন্তী ভট্টাচার্য

আমি বিপুল কিরণে ভুবন করি যে আলো
তবু শিশিরটুকুরে ধরা দিতে পারি
বাসিতে পারি যে ভালো।

— আকাশের বিরাট সূর্য ভূমির শিশিরের কাছে যে মহত্বে ধরা দেয় অতি সাধারণ এই আমাদের কাছেও রবীন্দ্রনাথ ধরা পড়েন তাঁরই সহজ মহত্বে। বলাবাহুল্য বিপুল সে রবিকিরণকে একজীবনে পুরোপুরি ধারণ করা সাধ্যাতীত। তবু যে অনন্ত আলোর সন্ধান মন পায় তা তো জীবনের সম্পদ।

রবীন্দ্র প্রতিভার মূল্যায়ন এ রচনার উপলক্ষ্য নয়। এ বিপুল ব্রহ্মাণ্ডে নিজের ক্ষুদ্রত্ব যেমন স্পষ্ট হয়ে যায় পাহাড় বা আকাশের কাছে গিয়ে দাঁড়ালে তেমনি জীবনের আত্মিক সঙ্কটে নিজেকে বুঝতে ছুটে যেতে হয় রবীন্দ্রনাথের কাছে। এ যাওয়া ভক্তের দেবতাসমীপে যাওয়া নয়, ছোট আমির বড়ো আমির কাছে যাওয়া। ভগবান-ভক্তের দূরবর্তী অবস্থান নয় বরং জীবনের মাঝখানটিতে এসে দাঁড়ান রবীন্দ্রনাথ। নিজেদের ক্ষুদ্র জীবনের সুখ-দুঃখ, হাসি-কান্না, ব্যর্থতা-সাফল্যের সামনে মনে পড়ে যায় তাঁর জীবনের সুখ-দুঃখ ব্যথাবেদনাকে। তাঁর আদর্শ অনুসরণ করতে পারি বা না পারি তাঁর বেদনার বিপুলতা নিজের দুঃখকে তুচ্ছ জ্ঞান করায়। তাঁর জীবন, তাঁর দর্শন কখন যেন আমাদের মগ্ন চৈতন্যর অংশ হয়ে ওঠে। সচেতন মন বুঝে নিতে চায় রবীন্দ্রজীবন ও রবীন্দ্রদর্শনকে। আর অবশ্যই মিলিয়ে নিতে চায় অতি আধুনিক এ জীবনকে রবীন্দ্রভাবনার আলোকে।

রবীন্দ্রজীবনের অন্যতম প্রধান দর্শনই হল গতি। গতি মানে জীবন। জীবন মানে কাজ। আর তাই বুঝি রবীন্দ্রনাথের জীবনে কাজের তালিকা এত দীর্ঘ। যদিও তাদের কাজ না বলে রীতিমত কর্মকাণ্ডই বলতে হয়। বিপুল সাহিত্যসম্ভার সৃষ্টির পাশাপাশি কত কী-ই যে করে গেছেন। ক) বিশ্বভারতী সৃষ্টি, তার প্রশাসনিক কাজ, শিক্ষকতা, অর্থ সংগ্রহের প্রাণান্ত চেষ্টা; খ) দেশবিদেশের আমন্ত্রনে সাড়া দেওয়া; গ) দেশের এবং বিশ্বের রাজনীতির

উত্থান-পতনে স্বতঃস্ফূর্ত প্রতিক্রিয়া জানানো— তা জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডই হোক বা স্পেনের গৃহযুদ্ধ; ঘ) শ্রীনিকেতনে সাধারণ মানুষের জীবিকানির্বাহের আয়োজন করা; ঙ) জমিদারী পরিচালনার কাজ। রবীন্দ্রনাথের দীর্ঘ বিচিত্র কাজের তালিকায় মনে পড়বেই তাঁর বিশিষ্ট জীবনদর্শনের কথা যা অবশ্যই বিস্তৃত আলোচনার যোগ্য। এই স্বল্পপরিসরে এটুকু মনে রাখতে পারি কর্মী রবীন্দ্রনাথের জীবনদর্শন ছিল কর্মযোগ, বিশ্বমানবতার দর্শন। পত্রলেখক রবীন্দ্রনাথের কথা এখানে মনে করা যায়। গল্প-কবিতার পাশে পত্রের মধ্যে এমন এক সত্তা প্রতিফলিত হয় যা তাঁর জীবনদর্শনকে চিনিয়ে দেয় আরো স্পষ্টভাবে।

একথা কিন্তু মন ভোলে না যে এত কাজ করা মানুষটি সংসারবিযুক্ত মুক্তপুরুষ ছিলেন না। ছিলেন ভীষণভাবে সংসারী। তবু সমস্ত বন্ধনের মাঝেও এ জগৎসংসার সম্পর্কে রবীন্দ্রদর্শন মনে করিয়ে দেয় এ জীবনে নিত্যই নির্জন-স্বজনের সঙ্গম চলেছিল তাঁর জীবনে। সেখানে তঁ ার মন অসীম-অনন্তবিহারী। কিন্তু বাস্তব মাটির মানুষ রবীন্দ্রনাথ তাঁর পরিবার, কর্তব্য, দায়দায়িত্ব কোন কিছুর থেকেই দূরে থাকেন নি । সত্যি কথা বলতে কি নানা কাজের রবীন্দ্রনাথ বিস্ময় জাগায়, শ্রদ্ধা জাগায়। মন বলতে থাকে এ বিপুলতাকে একজীবনে বোঝার চেষ্টা ব্যর্থ হতে বাধ্য। তৈরী হতে থাকে একধরণের দূরত্ব—সম্ভ্রমের দূরত্ব। অনেকটা সমুদ্রের কাছে এসে দাঁড়ালে যেমন হয় আর কি। কিন্তু যখন তাকাই সংসারী মানুষটার দিকে মনে হয় গুটি গুটি পায়ে গিয়ে বসি মানুষটার কাছে। প্রতিদিনের জীবনের দায়দায়িত্বের সামনে যখন নিজের জন্য দুদণ্ড সময় বার করতে হিমসিম খাই অথচ ঠাণ্ডা মাথায় সেই প্রাত্যহিক গ্লানিকে নিঃশব্দে নিজেরই কাছে সহনীয় করে তুলতে হয় তখনই বুঝি সংসার-বিচ্ছিন্ন কোন সাধনক্ষেত্র নয়, সংসারই সবচেয়ে বড়ো সাধনার স্থান। সমস্ত বন্ধন থেকে নিজের স্বার্থ যখন ছুটি পেতে চায়, অনিবার্য পদক্ষেপে সামনে এসে দাঁড়ায় বহুপরিচিত পংক্তিদুটি —

বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয়
অসংখ্য বন্ধনমাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।।

— নেহাৎ কেজো প্রয়োজনে বহু ব্যবহৃত পঙক্তিদুটি কখন যেন নিজের কাছে শক্তির উৎস হয়ে দাঁড়ায়। মনে হতে পারে যে, যে সংসারজীবনের প্রসঙ্গে রবীন্দ্রনাথের মুক্তির দর্শন আলোচিত হয় তা না জানি কত সুখের ছিল। সত্যিই

তো সুখের আয়োজনের তো কোন ত্রুটি ছিল না। উনবিংশ শতাব্দীর অন্যতম সম্ভ্রান্ত ধনী, শিক্ষিত পরিবারে জন্মেছিলেন। ধন-মান-জন কোনটারই অভাব ছিল না জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে। অথচ সারজীবন ধরে ধনের চিন্তা তাঁকে অস্থির করেছে, চিন্তিত করেছে, বিব্রত করেছে। সারাজীবন অর্থের চিন্তায় যেভাবে তাঁকে কাতর হতে হয়েছে তা স্বতন্ত্র প্রবন্ধের অবকাশ তৈরী করে। সংসার চালানোর খরচ তুলতে গল্প লিখে পাঠাতে হয়েছে পত্রিকায়, শান্তিনিকেতন গড়তে স্ত্রীর গয়না বিক্রি করতে হয়েছে। এমনকি বৃদ্ধবয়সেও দেশে-বিদেশে বক্তৃতা দিতে যেতে হয়েছে বিশ্বভারতীর রক্ষণাবেক্ষণের খরচ তোলার জন্য। অবিশ্বাসী অসহিষ্ণু মন বলতে চায় এ আর এমনকি বেশী ব্যাপার। একটা লোক নিজের সংসার চালাতে গল্প লেখে, নিজে যা গড়তে চায় তার জন্য স্ত্রীর গয়না বেচে সে তো হতেই পারে। পূর্ণদৃষ্টিতে দেখলে বোঝা যায় স্ত্রীর গয়না বেচে, গল্প লিখে, টাকার যোগাড় করে মানুষটা যেটা তৈরী করতে চায় তা তার ব্যক্তিগত সম্পত্তি নয়, তৈরী করতে চায় আন্তর্জাতিক মানের মানবিক একটা স্কুল। স্কুলের শাসন মেনে নিতে না পারা সারাজীবন স্কুলছুট একজন মানুষই তো বুঝেছেন শিক্ষার সঙ্গে যুক্ত করতে হবে আনন্দকে। যেআনন্দের আদি উৎস প্রকৃতি সেই প্রকৃতিকে যুক্ত করতে চেয়েছেন শিক্ষার সঙ্গে। আজও যখন প্রাতিষ্ঠানিক শিক্ষালাভে তথাকথিত ব্যর্থ পড়ুয়া আত্মহননের পথ বেছে নেয় বা মনোরোগের শিকার হয় তখন মনে পড়ে বৈকি শিক্ষাবিষয়ক রবীন্দ্রদর্শনের কথা। রবীন্দ্রনাথ এখানে শুধুই প্রাসঙ্গিক হয়ে ওঠেন না, শিক্ষার আনন্দহীন ভারবহনের প্রাণঘাতী ক্লান্তি থেকে নিজেদের সন্তানসন্ততিদের রক্ষা করতে হয়ে ওঠেন অপরিহার্য।

ফিরে আসি রবীন্দ্রনাথের ব্যক্তিজীবনের কথায়। কুসুমাস্তীর্ন ছিল না সে পথ। জমিদার বংশে জন্মেছিলেন বলেই আমৃত্যু কাব্যসাধনা সম্ভব হয়েছিল এধরণের ব্যক্তিগত আক্রমণের শিকার তাঁকে জীবিতকালেই হতে হয়েছিল। ১৯১৩ সালে যখন তিনি নোবেল পুরস্কারে সম্মানিত তখনও কিছু লোক বলে গেছে শাসক শক্তির দেওয়া পুরস্কার রবীন্দ্রনাথের প্রত্যাখ্যান করা উচিৎ। নতুবা তিনি বুর্জোয়া কবিহিসাবে চিহ্নিত হবেন। শান্তিনিকেতন, শ্রীনিকেতন, বিশ্বভারতী গড়ে তুলতে যে মানুষটা সর্বদাই অর্থ চিন্তায় ব্যতিব্যস্ত নোবেলের অর্থমূল্য তাঁর কাছে এক বিরাট সুরাহার পথ। সে পথে অপমানের কাঁটা বিছানো থাকলেও তাঁর যে কিছুই করার নেই।

এ অপমান শুধু বাইরের নয়, ঘরের মধ্যেও সইতে হয়েছে বিশ্বকবিকে।

একদিকে নোবেল কমিটি চিঠি লিখছে পুরস্কার গ্রহনের জন্য আর কী আশ্চর্য একই সময়ে তিনি কলহরত দুই জামাইয়ের মধ্যে মিটমাটের আশা নিয়ে নিজে ক্ষমা চেয়ে চিঠি লিখছেন জামাইদের। বিশ্বকবির এই যন্ত্রনা মুহূর্তে চিনিয়ে দেয় রবীন্দ্রনাথ শুধুই কবি নয়, তিনি একজন মানুষ। যে মানুষটা চিঠি লিখে স্ত্রীকে জানায় — 'আমার নিজেকে ঠাণ্ডা করতে যে কত সময় নির্জনে বসে নিজেকে কত বোঝাতে হয়।' বিরাট মাপের মানুষটার ভেতরেও তাহলে চলতে থাকে নিজেকে বোঝানোর প্রক্রিয়া। সহ্য করার যে শক্তিকে আপাতভাবে অতিমানবিক বলে মনে হয় তার ভেতরেও খুঁজে পাওয়া যায় একজন ধৈর্যশীল মানুষের ছবি। এক পত্রে রবীন্দ্রনাথ লিখছেন — '..... যখন কেউ আমার প্রতিকূলতা করে তখন তার সম্বন্ধে আমার মন সতর্ক হয়ে থাকে, পাছে বিদ্বেষবুদ্ধিতে তার প্রতি কথায় বা ব্যবহারে ভুল করি, এই ভাবনাটা থেকে যায়'। আবার বলছেন, 'বাইরের পরে বিরক্ত হয়ে নিজের ভিতরকার সামঞ্জস্যকে ছিন্ন-বিচ্ছিন্ন করলে তাতে নিজের ভারি লোকসান'। বাইরের বৃহৎ কর্মজগৎ শুধু নয়, ব্যক্তিজীবনে নিজের কাছে নিজের প্রস্তুতিতেও রবীন্দ্রজীবনদর্শন পথপ্রদর্শক হয়ে দাঁড়ায়।

রবীন্দ্রজীবনদর্শনের আলোচনা অসম্পূর্ণ থেকে যাবে যদি না তাঁর জীবনে পাওয়া একান্ত প্রিয়জনের মৃত্যুশোককে অনুধাবন করি। প্রিয়জনের মৃত্যু যেন মিছিলের মতো চলছে। সে মিছিলে প্রথম মুখ তাঁর মায়ের। বৃহৎ পরিবারে ভৃত্য শাসনে বালককাল অতিক্রম করতে না করতেই মাকে হারিয়েছেন। কিন্তু সে মৃত্যু কোন ভয়ংকরতার প্রমাণ রেখে যায়নি। শিশু বয়সের লঘুতা সে মৃত্যুকে পাশ কাটিয়েছিল। চব্বিশ বছর বয়সে বৌঠানের মৃত্যু বিচ্ছেদশোকের সঙ্গে স্থায়ী পরিচয় করিয়ে দিয়ে গেল। মৃত্যুর সঙ্গে রবীন্দ্রনাথের এই পরিচয়ের তালিকা দীর্ঘ থেকে দীর্ঘতর।১৯০২ সালে হারালেন স্ত্রী মৃণালিনীদেবীকে। স্ত্রী কেবল স্ত্রীই নন তিনি সন্তানের মাও বটে। এর পরবর্তী বছরগুলোতে রবীন্দ্রনাথকে তাঁর সন্তানদের নিয়ে ব্যস্ত ও ব্যথিত হতে হয়েছে। সন্তানশোক বহন করতে হয়েছে একাকী নিঃসঙ্গ পিতাকে। কবির মেজ মেয়ে রেণুকা মারা গেল ১৯০৩ সালে। রাত জেগে মেয়ের সেবা করেছেন কবি নয় পিতা। মৃত্যুশয্যায় মেয়ে বাবার কাছে শুনতে চেয়েছে উপনিষদের মন্ত্র — ওঁ পিতা নোঽসি — তুমি আমাদের পিতা তোমায় নত হয়ে যেন মানি। মৃত্যু যে জীবনেরই অন্যতর প্রকাশ। মৃত্যুর বিরূদ্ধে উন্মত্ততা নয়, এ মন্ত্র সংযত, বিনম্র, দ্বন্দ্ব- উত্তীর্ণ পূর্ণতার মহামন্ত্র।

কন্যার মৃত্যুর দুইবছর পরে ১৯০৫ সালে চলে গেলেন পিতা দেবেন্দ্রনাথ।

পত্নী, কন্যা, পিতার মৃত্যুতেও ব্যথার পূজার সমাপন হল না। ১৯০৭ সালে অকস্মাৎ মারা গেল কনিষ্ঠ পুত্র শমীন্দ্রনাথ। বন্ধুর সাথে বেড়াতে গিয়ে কলেরায় আক্রান্ত হয়ে এ মৃত্যু বড়ো আকস্মিক, বড়ো বেদনাদায়ক। ক্লিষ্ট পিতৃহৃদয় বলে, 'আমার হৃদয়ের মধ্যে একটা ব্যাকুলতা অনুভব করিতেছি- তাহার একটা কিনারা না করিয়া আমি কিছুতেই মন দিতে পারিব না।' হৃদয়ের ব্যাকুলতা সান্ত্বনা খুঁজে পেল বিশ্বসংসারের নিত্যপ্রবাহে -'শমী যে রাত্রে গেল তার পরের রাতে রেলে আসতে আসতে দেখলুম জ্যোৎস্নায় আকাশ ভেসে যাচ্ছে। কোথাও কিছু কম পড়েছে তার লক্ষণ নেই। মন বলল কম পড়েনি- সমস্তর মধ্যে সবই রয়ে গেছে, আমিও তারি মধ্যে। সমস্তর জন্য আমার কাজও বাকি রইল।'

সত্য সত্যই তাঁর ব্যক্তিগত দুঃখ, বেদনা, ব্যথা তাঁর কাজের পথে বাধা হয়ে দাঁড়ায় নি। এত শোকের মধ্যেও তাঁর নানাবিধ কাজ ও সাহিত্য চর্চার নিরন্তর প্রবাহ থেমে যায় নি। থেমে থাকে নি তাঁকে দেওয়া তাঁর জীবনদেবতার রুদ্র নিষ্ঠুর আঘাত।

বড়ো মেয়ে মাধুরীলতা যাঁকে আদর করে ডাকতেন কখনো বেলি কখনো বেলুবুড়ি। তাকে বিয়ে দিয়েছেন। জামাই শরৎচন্দ্র চক্রবর্তীকে পাঠিয়েছেন বিলেতে ব্যারিস্টারি পড়তে। ১৯১৭ সালের মাঝামাঝি রোগ ধরা পড়ল বেলার। যক্ষ্মারোগ। চিকিৎসা চলছে। কিন্তু রোগের গতি একটাই অনিবার্য পরিণতির ইঙ্গিত করছে বারবার। শান্তিনিকেতন থেকে কবি লিখছেন, 'তাঁর মুখের দিকে তাকাতে পারি এমন শক্তি আমার নেই।' বুঝতে কষ্ট ছিল না কন্যার যাত্রা শেষ হয়ে এসেছে। শান্ত ধৈর্যের সঙ্গে প্রতীক্ষা চলছে কবির। রোজ সকালে মেয়ের কাছে বসে গল্প শোনান। একদিন সব শেষ হল। শেষ হলনা রবীন্দ্রনাথের পরীক্ষা। সেই সন্ধ্যাতেই জোড়াসাঁকোর বাড়িতে 'বিচিত্রা'র বৈঠক। ব্যবস্থার কোনো বদল হলনা। সমস্ত বেদনা সমস্ত স্মৃতি হৃদয়সমুদ্রের কোন গভীরে লুকিয়ে গেল। অস্ফুট কিছু কথা জেগে রইল 'পলাতকা' য়।

রবীন্দ্রনাথের পাঁচ ছেলেমেয়ের মধ্যে রয়ে গেলেন মীরাদেবী এবং রথীন্দ্রনাথ। রথীন্দ্রনাথ ছিলেন নিঃসন্তান। পিতামহের স্নেহ দিয়ে যাকে ঘিরে রেখেছিলেন সেই মীরাদেবীর পুত্র নীতিন্দ্রনাথকে কবি পাঠালেন য়ুরোপে ছাপার কাজ শিখতে, প্রকাশন শিল্প আয়ত্ব করতে। তরুণ নীতিন্দ্র আক্রান্ত হলেন মারণব্যাধি ক্ষয়রোগে। রবীন্দ্রনাথের অকৃত্রিম বন্ধু এণ্ডরুজ তখন তার পাশে। ছুটে গেলেন মীরাদেবী, নীতিন্দ্রের পিতা নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়। কিন্তু সব চেষ্টা

ব্যর্থ করে নীতু চলে গেল। রবীন্দ্রনাথের বয়স তখন সত্তর বছর।

মৃত্যু নিয়ে, শোক নিয়ে রবীন্দ্রনাথের কত কবিতা কত গান। বারবার একই কথার উচ্চারণ যে ফুল না ফুটে ঝরে গেল, যে নদী মরুতে পথ হারালো তাও আছে, কিছুই হারায় না। এ যে নিছক কাব্যকথা নয় তা তখনই বুঝি যখন নিজের জীবনে ঝড় আসে, দুয়ার ভেঙ্গে পড়ে। উঠে দাঁড়ানো তো দূরের কথা মাথা তোলার শক্তিও থাকে না। মনে পড়ে যায় তাঁরই কথা — 'যা ঘটেছে তাকে যেন সহজে স্বীকার করি, যা কিছু রয়ে গেল তাকেও যেন সম্পূর্ণ সহজ মনে স্বীকার করতে ত্রুটি না ঘটে।' এ যে কতো বড়ো সত্য তা তো রবীন্দ্রনাথ প্রমান করে গেছেন নিজের জীবনে সমস্ত দুঃখ আঘাতকে ধৈর্য্যের সঙ্গে গ্রহণ করে। নিজের জীবনে যখন সুখের বিঘ্ন ঘটে মন তখন অস্বীকার করতে চায় মঙ্গলময়ের অস্তিত্বকে। তাঁর মতো বলতে পারি কি সুখ যদি ঈশ্বরের দান হয় তবে দুঃখও তাঁরই দান। কী গভীর আস্তিক্য বিশ্বাসে তিনি উচ্চারণ করেন —

দুঃখের তিমিরে যদি জ্বলে তব মঙ্গল আলোক তবে তাই হোক।

আজ আমরা যত আধুনিক হয়ে উঠছি তত নিঃসঙ্গও হচ্ছি। এই নিঃসঙ্গতায় যাঁকে আরো বেশি অনুভব করি তিনি রবীন্দ্রনাথ। আধুনিকতার সমস্ত বাহ্যিক উপকরণ আজ আমাদের করতলগত। কিন্তু মননজাত প্রকৃত যে আধুনিকতাবোধ আমাদের শতাব্দী অতিক্রমী আধুনিক করে তুলতে পারে তা আজ সারা বিশ্বেই বিপন্ন। ক্ষমতা দখলের লড়াই, সাম্প্রদায়িকতা, নারী-পুরুষ ভেদে মনুষ্যত্বের অবমাননা আজ সারা বিশ্বের সমস্যা। রবীন্দ্রজীবন ও রবীন্দ্রদর্শনের নিবিড় অধ্যয়নের অঙ্গীকারই হোক যাবতীয় তমোনাশের বীজমন্ত্র।

সহায়ক গ্রন্থ ঃ

১) ছিন্নপত্র — রবীন্দ্রনাথ ঠাকুর
২) পথে ও পথের প্রান্তে — রবীন্দ্রনাথ ঠাকুর
৩) পথের সঞ্চয় — রবীন্দ্রনাথ ঠাকুর
৪) বাইশে শ্রাবণ — নির্মলকুমারী মহলানবীশ
৫) তবে তাই হোক — সোমেন্দ্রনাথ বসু

প্রতিবাদী সাহিত্য ঃ নজরুল ইসলামের কবিতা

চন্দনা সামন্ত

প্রতিবাদ মানুষের সহজাত প্রবৃত্তি। প্রতিবাদ মানুষের চৈতন্যের গভীরের একটি প্রবাহ। সৃষ্টির মুহূর্ত থেকেই এই প্রবাহ মানুষের রক্তের মধ্যে দিয়ে বাহিত হয়ে আসছে। তাই মানুষ প্রকৃতির কাছে মাথা নত না করে তার বিরুদ্ধে যুদ্ধ করতে করতেই এগিয়ে চলেছে সভ্যতার দিকে। মানুষের সৃষ্ট সাহিত্যের মধ্যেও স্বাভাবিক ভাবেই এই প্রতিবাদ এসেছে। বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যাপদের কবিরাই তো মাতৃভাষা বাংলায় চর্যাপদ রচনা করে প্রতিবাদের সূত্রপাত করেছেন। সেই সময় সংস্কৃতভাষাই ছিল ব্রাহ্মণ্য ভাবাদর্শ প্রকাশের মাধ্যম। একই সঙ্গে ব্রাহ্মণ্য ভাবাদর্শগুলিকেও মান্য না করে প্রতিবাদী হয়ে উঠেছিলেন তাঁরা। সুতরাং বাংলা সাহিত্যের জন্মলগ্ন থেকেই যে প্রতিবাদের সূত্রপাত তাই পরবর্তীকালের বাংলা সাহিত্যের বিভিন্ন শাখায় ছড়িয়ে পড়ে। প্রতিবাদী সাহিত্য, সাহিত্যের স্বতন্ত্র কেনো বিভাজন নয়, সাহিত্যের মধ্যেই প্রতিবাদের সন্ধান পাওয়া যায়। মধ্যযুগের সাহিত্য থেকে শুরু করে আধুনিক যুগের উপন্যাস ছোটগল্প নাটক কাব্য প্রভৃতি শাখাতেই কমবেশী প্রতিবাদের ধারা প্রবাহিত। আসলে বিবেকমান মানুষ মাত্রেই তো প্রতিবাদী। কাজী নজরুল ইসলামও তার ব্যতিক্রম নন।

কাজী নজরুলের কবিতায় প্রতিবাদ প্রত্যক্ষভাবেই ধরা দিয়েছে। কবি হিসাবে তাঁর প্রধান পরিচয় তিনি বিদ্রোহী কবি। যদিও এই পরিচয় তাঁর শেষকথা নয়। কোনো নির্দিষ্ট তকমায় কবিকে বেঁধে দেওয়া যায় না। প্রেমের অজস্র গান ও কবিতা তিনি রচনা করেছেন। যেহেতু নজরুলের কবিতায় প্রতিবাদের স্বরূপটি ধরা আমার আলোচনার বিষয় তাই এক্ষেত্রে প্রতিবাদী ধরনের কবিতাগুলির মধ্যেই সীমাবদ্ধ থাকবো। তাঁর কবিতায় এই প্রতিবাদের স্বরূপটিকে জানতে হলে প্রথমে তাঁর সাহিত্যক্ষেত্রে আবির্ভাবকালীন সময়টির কথা স্মরনে রাখা দরকার। প্রথম মহাযুদ্ধের পর নজরুল যখন বাংলা সাহিত্যে আত্মপ্রকাশ করেন তখন পরাধীনতার নিপীড়নে সারা ভারত জর্জরিত। অন্যদিকে সামাজিক রক্ষণশীলতা, গোঁড়ামি, সাম্প্রদায়িকতা, দারিদ্য ও বৈষম্য জনজীবনকে কলুষিত করছে। ভারতবর্ষকে সমস্ত রকমের পরাধীনতার হাত থেকে মুক্ত করার শপথ নিয়েই নজরুল কলম ধরেছিলেন। প্রাক্ নজরুল যুগে ঈশ্বরগুপ্ত, রঙ্গলাল, রজনীকান্ত, দ্বিজেন্দ্রলাল, রবীন্দ্রনাথ প্রমুখ সাহিত্যিকদের রচনাতে প্রতিবাদ অবশ্যই ছিল। তবে নজরুলের কবিতায় প্রতিবাদ সোচ্চারে ধ্বনিত হয়েছে।

নজরুলের প্রতিবাদ মূলতঃ ব্রিটিশ রাজশক্তির বিরুদ্ধে, শোষক শ্রেণীর বিরুদ্ধে, অর্থবৈষম্যের বিরুদ্ধে, ধর্মীয় কুসংস্কারের বিরুদ্ধে এবং নারী পুরুষের বৈষম্যের বিরুদ্ধে। নজরুল মানুষের প্রতি গভীর সহানুভূতি পোষণ করতেন। মানুষের ব্যথা ও বেদনা তাঁকে গভীরভাবে আহত করে। তাই মানুষকে নির্যাতিত ও অবমানিত হতে দেখলেই স্বভাববশতঃ প্রতিবাদ না করে পারেন না। মানুষকে তিনি অত্যন্ত উচ্চে স্থান দিয়ে বলেছেন - "মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।" (মানুষ-সাম্যবাদী)। বলা যেতে পারে রবীন্দ্র পরবর্তী বলিষ্ঠ প্রতিবাদী কবি হলেন নজরুল ইসলাম। তাঁর জীবনটাই তো প্রতিবাদ। 'ধূমকেতু' পত্রিকায় প্রকাশিত 'আনন্দময়ীর আগমনে' (১৯২৩) কবিতাটির জন্য তাঁকে কারাবাস করতে হয়।

'আনন্দময়ীর আগমনে' কবিতায় কবির প্রতিবাদ ব্রিটিশ শাসকদের বিরুদ্ধে। কবি বলেছেন -

"আর কতকাল থাকবি বেটীমাটির ঢেলার মূর্তি আড়াল?
স্বর্গ যে আজ জয় করেছে অত্যাচারী শক্তি চাঁড়াল।
দেবশিশুদের মারছে চাবুক, বীর যুবাদের দিচ্ছে ফাঁসি,
ভূভারত আজ কসাইখানা, আসবি কখন সর্বনাশী?"

'সর্বহারা' কাব্যের 'কান্ডারী হুঁশিয়ার' কবিতাটিতেও ব্রিটিশ রাজশক্তির চক্রান্তের প্রতিবাদ করেছেন। ইংরেজরা চক্রান্ত করে এদেশের মানুষের মধ্যে সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়িয়ে দিয়েছে। কবি ইংরেজদের এই কুটিল চক্রান্তের বিরোধিতা করে বলেছেন -

"হিন্দু না ওরা মুসলিম? ওউ জিজ্ঞাসে কোন জন?
কান্ডারী! বল ডুবিছে মানুষ, সন্তান মোর মার।"

হিন্দু মুসলিম এই ভেদাভেদকে অস্বীকার করে সকলকে মানুষের সন্তান বলে হুঁশিয়ার করে দিয়েছেন। 'ফরিয়াদ' কবিতায় তিনি শাসক শ্বেতাঙ্গ সম্প্রদায়ের বিরুদ্ধে আদি পিতা ভগবানের কাছে অভিযোগ জানিয়েছেন। এ অভিযোগের মধ্যে কবির প্রতিবাদী সুরটি ঝঙ্কৃত হয়েছে।

"সাদা রবে সবাকার টুঁটি টিপে, এ নহে তব বিধান।
সন্তান তব করিতেছে আজ তোমার অসম্মান।"

লক্ষ্যনীয় বিষয় হলো নজরুলের কবিতায় প্রতিবাদ ধ্বনিত হয়েছে নানাভাবে। একই কবিতায় ইংরেজ জমিদার ধর্মের ধ্বজাধারী ব্যক্তি এমনকি ঈশ্বরের

বিরুদ্ধেও প্রতিবাদ ধ্বনিত হয়েছে। আসলে যা কিছু অন্যায় তার বিরুদ্ধেই কবির প্রতিবাদ। এই 'ফরিয়াদ' কবিতাতেই জমিদার ও মহাজনদের (শোষকশ্রেণীর প্রতিনিধি) বিরুদ্ধে প্রতিবাদ ধ্বনিত হয়েছে। তিনি প্রশ্ন করেছেন ঈশ্বরের কাছে।

"জনগনে যারা জোঁকসম শোষে তারে মহাজন কয়,
সন্তান সম পালে যারা জমি, তারা জমিদার নয়।
মাটিতে যাদের ঠেকে না চরণ,
মাটির মালিক তাঁহারাই হন।
যে যত ভণ্ড ধড়িবাজ আজ সেই তত বলবান্।

কুলিমজুর কবিতায় অবহেলিত শ্রেণীর মানুষের প্রতি সঙ্গতিসম্পন্ন শ্রেণীর মানুষের নিষ্ঠুর অত্যাচারের প্রতিবাদ করেছেন—

"বেতন দিয়াছ? চুপ্ রও যত মিথ্যাবাদীর দল।
কত পাই দিয়ে কুলিদের তুই কত ক্রোড় পেলি বল।"

যেখানেই অন্যায় সেখানেই কবির লেখনীতে উচ্চকণ্ঠে প্রতিবাদ ধ্বনিত হয়েছে। পুরুষশাসিত সমাজ ব্যবস্থায় নারী পুরুষের ভেদাভেদ তিনি মেনে নিতে পারেন নি। তাই 'নারী' কবিতায় এই বৈষম্যের বিরুদ্ধে প্রতিবাদ করেছেন। সাম্যবাদী দর্শনে বিশ্বাসী কবি তাই বলেছেন -

"সাম্যের গান গাই
আমার চক্ষে পুরুষ রমনী কোনো ভেদাভেদ নাই।"

এখানেই তিনি ক্ষান্ত হয়নি। নারীকে প্রতিবাদী হতে আহ্বান জানিয়ে বলেছেন -

" — হাতে রুলি পায়ে মল,
মাথার ঘোমটা ছিঁড়ে ফেল নারী, ভেঙে ফেল ও শিকল!
যে ঘোমটা তোমা করিয়াছে ভীরু, ওড়াও সে আবরণ।
দূর করে দাও দাসীর চিহ্ন যেথা যত আভরণ।

নজরুল ইসলাম একই সঙ্গে প্রতিবাদী ও আধুনিক। কুসংস্কারমুক্ত মন নিয়ে সকলকে কুসংস্কারের উর্দ্ধে ওঠার আহ্বান জানিয়েছেন। পুরুষশাসিত সমাজব্যবস্থায় প্রতি পদক্ষেপে নারীর অবমাননা কবি মেনে নিতে পারেন নি। কিছু স্বার্থান্বেষী পুরুষ নারীরর গায়ে কালিমা লেপন করেছে। বারাঙ্গনা বলে ঘৃণা করে। তাই ক্ষমতালোভী স্বার্থান্বেষী মানুষের উদ্দেশ্যে এই প্রথার বিরুদ্ধে প্রতিবাদ করেছেন 'বারাঙ্গনা' কবিতায়। বলেছেন - 'জন্মের পর মানবজাতির থাকে না'ক কোন গ্লানি।'

ব্রিটিশ সরকারের শোষনের বিরুদ্ধে যেমন কবির প্রতিবাদ থামে নি, তেমনি এদেশের প্রচলিত সমাজ সমস্কারের অনয়িম কুসংস্কারের বিরুদ্ধে তার প্রতিবাদ ধ্বনিত হয়েছে। মন্দির-মসজিদ-গীর্জায় বসে শুধু ঈশ্বরের উপাসনা করলেই যথার্থ ধর্ম লাভ হয় না। ঈশ্বরের অধিষ্ঠান হৃদয় মন্দিরে। 'সাম্যবাদী' কবিতায় প্রচলিত ধর্মাচরনের বিরোধিতা করে লিখেছেন -

"এই হৃদয়ই যে নীলাচল, কাশী, মথুরা বৃন্দাবন
বুদ্ধগয়া এ, জেরুজালেম এ, মদিনা, কাবা, ভবন
মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়।
এইখানে বসে ঈশা মুসা পেল সত্যের পরিচয়।"

শাস্ত্র কঙ্কাল পাঠে বিরত থাকতে বলেছেন। কারণ 'সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ।' এইরকম উচ্চকণ্ঠে প্রতিবাদ তখনো পর্যন্ত নজরুলের লেখনীতেই সম্ভব হয়েছে। 'মানুষ' কবিতাতেও ধর্মের ধ্বজাধারী ভণ্ডদের আচরণের প্রতিবাদ করেছেন। নজরুল কোনো ধরনের ভণ্ডামিকেই সহ্য করতে পারতেন না। তাই রাজনৈতিক ভন্ডদের উদ্দেশ্যে করে বলেছেন -'ক্ষুধাতুর শিশু চায় না, স্বরাজ, চায় দুটো ভাত একটু নুন' (আমার কৈফিয়ৎ)। 'আমার কৈফিয়ৎ' কবিতাটিতে কবি যে কৈফিয়ৎ দিয়েছেন তা কেবল সমালোচনার জবাব নয়, স্পষ্ট ও নির্ভীক ভাষায় আত্মসমালোচনার ভঙ্গীতে প্রতিবাদী মানসিকতার পরিচয় দিয়েছেন - "রক্ত ঝরাতে পারি না ত একা / তাই লিখে যাই এ রক্ত লেখা।" ক্ষুধার্ত শিশুর পক্ষ নিয়ে সেইসব স্বার্থান্বেষী মানুষের বিরুদ্ধে প্রতিবাদে গর্জে উঠেছেন। ভগবানকে উদ্দেশ্য করে বলেছেন - "ওগো ভগবান, তুমি আজিও আছ কি? কালি ও চুন/ কেন ওঠে নাক তাহাদের গালে যারা খায় এই শিশুর খুন?" এছাড়া 'ভাঙার গান' চাষার গান, প্রভৃতিতে ও প্রতিবাদ ধ্বনিত হয়েছে। 'ভাঙার গান' - এ কবির প্রতিবাদী কণ্ঠ তীক্ষ হয়ে উঠেছে। বলেছেন -

কারার ওই লৌহকপাট
ভেঙে ফেল কররে লোপাট
রক্ত জমাট
শিকলপূজোর পাষাণ বেদি।

নজরুলের সমস্ত কবিতার মধ্যে উল্লেখযোগ্য কবিতা হচ্ছে 'অগ্নিবীনা'র 'বিদ্রোহী'। 'বিদ্রোহী' কবিতাটি সেইসময় এত আলোড়ন তুলেছিল যে এই বিশেষণটি নজরুলের নামের সঙ্গে যুক্ত হয়ে গেছে। এই কবিতাটিতে নজরুলের জীবনের ও কবিমানসের সম্যক পরিচয় বিধৃত হয়েছে। কবিতাটি রচিত হয়েছিল ১৯২১ সালে। 'বিদ্রোহী' কবিতাটির জন্যে নজরুলের উপর অজস্র ব্যঙ্গবিদ্রুপ

বর্ধিত হয়। সেই আলোচনায় না গিয়ে বলা যায় 'বিদ্রোহী' কবিতায় নজরুল প্রচলিত 'আমি' ধারনার বিরুদ্ধে লেখনী ধারন করেছেন। নতুনভাবে নিজেকে আবিস্কার করেছেন। রবীন্দ্রনাথ 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতায় তা র প্রাণের আবেগ *এর প্রকাশ ঘটিয়েছেন এভাবে -*

'জাগিয়া উঠেছে প্রাণ
ওরে উথলি উঠেছে বারি,
ওরে প্রাণের বাসনা প্রাণের আবেগ
রুখিয়া রাখিতে নারি।'

সেখানে নজরুল প্রাণের আবগের প্রকাশ ঘটিয়াছেন সোচ্চারে। প্রতিটি মুহুর্তেই প্রতিবাদ ঝলসে উঠেছে 'বিদ্রোহী' কবিতায়। তাই বলেছেন -

''আমি নৃত্য - পাগল ছন্দ
আমি আপনার তালে নেচে যাই, আমি মুক্তজীবনানন্দ।'

কখনো বলেছেন 'মহাপ্রলয়ের আমি নটরাজ', 'আমি সৃষ্টি, আমি ধ্বংস', কখনো আবার বলেছেন 'আমি গোপন প্রিয়ার চকিত চাহনি, ছল করে দেখা অনুখন।' এইভাবে পরস্পর বিরোধী ভাববর্ত আশ্চর্য সমন্বয় লাভ করেছে কবিতাটিতে। আবার এই কবিতাতেই নজরুল উচ্চারণ করেছেন - 'আমি সেইদিন হবো শান্ত, যবে উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না,- অর্থাৎ মানবাত্মার মুক্তি না হওয়া পর্যন্ত তিনি প্রতিবাদ করেই যাবেন এই তাঁর দৃঢ় সংকল্প।

সহায়ক গ্রন্থ ঃ-

১। নজরুল চরিত মানস - ডঃ সুশীল কুমার গুপ্ত।
২। কাজী নজরুল ইসলাম ও সঞ্চিতা - ডঃ সুশীল কুমার গুপ্ত।
৩। নজরুল কাব্য পরিচয় - মধুসূদন বসু।
৪। কাজী নজরুল ইসলাম ঃ জীবন ও সৃষ্টি - রফিকুল ইসলাম।

মুক্তবুদ্ধি রোকেয়া ঃ কন্যা থেকে নারী

— ডঃ মমতাজ বেগম

ট্রাডিসন বা গতানুগতিকতার সমান গতির মাঝে মুক্তবুদ্ধি রোকেয়া এক বিরল ব্যক্তিত্ব। আধুনিকতা, প্রগতি, গতিশীলতা এবসবের মূল উৎস মুক্তবুদ্ধির বিকাশ সাধন। প্রচলিত সমাজের শিক্ষা ব্যবস্থার অসম্পূর্ণরূপ বিচলিত করেছিল বলেই অগ্রবর্তী চিন্তাশীল মনস্বিনী নারী রোকেয়া সাখাওয়াত হোসেন মুক্তবুদ্ধির বিকাশ চেয়েছিলেন মনে প্রাণে। আত্ম নির্ভরশীলতা, আত্মসম্মান জাগরণ, নারী ব্যক্তিত্বের উন্মেষ, চরিত্রের স্বাবলম্বন প্রবৃত্তিকে উদ্দীপ্ত করাই ছিল রোকেয়ার জীবন ও কর্মসাধনার মূল ব্রত। বেগম রোকেয়া কিভাবে সাধারণ কন্যা থেকে পরিপূর্ণ নারীতে উত্তীর্ণ হলেন তা জানলে আজকের নারী সমাজ হয়তো জীবনের পথ খুঁজে পাবে।

রোকেয়া সময় - সমাজ ও প্রেক্ষিতকে যুক্তিবাদী মন নিয়ে শুধু অনুসন্ধানই করেননি; আত্মোপলব্ধির তিক্ততা, নৈরাশ্য, যন্ত্রনা, সার্বজনীন ব্যাপকতায় প্রসারিত হয়েছে তাঁর সাহিত্য ও কর্মের মাধ্যমে। উনবিংশ শতাব্দীর ব্যংলার জাগরণের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে নারী ব্যক্তিত্বের বিকাশের কথা। বেগম রোকেয়া সেই জাগরণের অগ্রগন্য পথিক। রক্ষণশীলতা, কুপমন্ডুকতার উচ্ছেদ সাধনের দীর্ঘ সংগ্রামে তাঁর ক্লান্তিহীন প্রচেষ্টা লক্ষ্য করা যায়। আত্মপ্রস্তুতির একের পর এক স্তর অতিক্রম করে মধ্যযুগীয় ধ্যান-ধারণা, অন্ধবিশ্বাস, অশিক্ষা, গোঁড়ামি, পুরুষ শাসন প্রভৃতির নিঃশ্ছিদ্র পর্দাকে সরিয়ে দিয়ে আলো প্রবেশের চেষ্টা করেছেন তিনি। ব্যক্তিগত দুঃখ, যন্ত্রনা, গ্লানিকে আত্মস্থ করে সার্বজনীন ব্যাপকতায় পৌঁছেছিলেন বলেই আজও তাঁর জীবন ও কর্ম বিশেষ তাৎপর্যবহ।

কন্যা রোকেয়া আর পাঁচটা গড়পড়তা নারীর মতই জন্মেছিলেন মুসলমান সমাজের আভিজাত্যের অন্তপুরে। বঙ্গের মুসলিম অসংখ্য নারী যেমন সমাজের নিষ্ঠুরতা, অবিচার, আত্মীয় প্রতিবেশীদের গঞ্জনার স্বীকার রোকেয়াও সেরূপভাবেই তাঁর ছোটোবেলা শুরু করেছিলেন। তাঁর 'অবরোধবাসিনী'-র (পৃ-৪৪৭) বক্তব্য থেকে জানা যায় -

'আমার পঞ্চমবর্ষ বয়সে কলকাতা থাকাকালীন, আমার দ্বিতীয় ভ্রাতৃবধূর খালার বাড়ি বোহার হইতে দুইজন চাকরানী তাঁহাকে দেখিতে আসিয়াছিল। তাদাদের ফ্রি পাসপোর্ট ছিল। তাহারা সমস্ত বাড়িময় ঘুরিয়া

বেড়াইত, আর আমি প্রাণভয়ে পলায়মান হরিণ শিশুর মত প্রাণ হাতে লইয়া যত্রতত্র কপাটের অন্তরালে কিংবা টেবিলের নীচে পলাইয়া বেড়াইতাম।'

শৈশবের সমান্য লেখাপড়া ছাড়া আনুষ্ঠানিক কোন বিদ্যাশিক্ষা তাঁর ভাগ্যে জোটেনি। পাঁচ বছর বয়সে কলকাতায় থাকাকালীন এক মেম শিক্ষিকার কাছে শিক্ষার ব্যবস্থা করা হয় কিন্তু 'মেম সাহেবের ছাত্রী হলে পর্দার খেলাপ হয়' - এই খোঁড়া যুক্তিতে তাঁর লেখাপড়া বন্ধ হয়ে যায়। কিন্তু আধুনিক শিক্ষায় শিক্ষিত রোকেয়ার দুই ভাই সমাজের ও অভিভাবকের অগ্নিদৃষ্টি খর্ব করে গোপনে বোনকে শিক্ষা দেওয়ার চেষ্টা করেন। অবরুদ্ধ নারীত্বের যন্ত্রনা ও ভবিষ্যতের স্বপ্ন নিয়ে গভীর রাতের অন্ধকারে কন্যা রোকেয়ার প্রথম পথ চলা শুরু। গতানুগতিক পরিবার থেকে এইটুকু ব্যতিক্রমী সাহায্য পেয়েছিল বলেই হয়তো কন্যা থেকে নারীতে উত্তীর্ণ হতে পেরেছেন। তবে নারীর যন্ত্রনা নারী যেমন করে বোঝে হয়তো বা ভাইরা ততটা বুঝতে পারে নি। তাই রোকেয়ার বোনেদের দানও কম নয়। প্রসঙ্গত ভাইবোনের দানের দুটি উদাহরণ তুলে দেওয়া যেতে পারে -

'খাওয়া দাওয়ার পর পিতা শুইতে গেলে দুই ভাইবোন বসেন পুঁথিপত্র লইয়া। গভীর রাত্রে পৃথিবী অন্ধকারে ঢাকিয়া যায়, আর সেই সঙ্গে জ্বলিয়া ওঠে দুইটি কিশোর - কিশোরীর শয়ন কক্ষে স্তিমিত দীপ শিখা। চোখ মুছিয়া সেই নীরব নিশীথে দুই ভাইবোনে মোমবাতির পাশে বসেন। জ্ঞানদান করেন ভাই, আর বালিকা ভগ্নী সেই জ্ঞান-সুধা আকণ্ঠ পান করেন।'

- (শামসুন্নাহার - সমসাময়িক সাহিত্যিকের চোখে বেগম রোকেয়া)

রোকেয়াকে দুর্গম জীবন-পথের যোগ্য অভিযাত্রী হিসাবে গড়ে তুলতে বড় বোন করিমুন্নিসার অবদানও কম নয়। কুরমুন্নিসা তাঁর ছেলে আব্দুল হালিম গজনভীর সঙ্গে রোকেয়ার পড়ার ব্যবস্থা করেছিলেন। রোকেয়ার নিজের কথায় - "আমি শৈশবে তোমারই স্নেহের প্রসাদে বর্ণ পরিচয় পড়িতে শিখি। অপর আত্মীয়গণ আমার উর্দু ও পারসী পড়ায় তত আপত্তি না করিলেও বাঙ্গালা পড়ার ঘোর বিরোধী ছিলেন। ..... নানা অত্যাচারেও যে বঙ্গভাষা ভুলিয়া যাই নাই, তাহা বোধ হয় কেবল তোমারই আশীর্বাদের কল্যাণে"।

স্বদেশী বিদেশী যে কোনো ভাষা শিক্ষার ক্ষেত্রে যেখানে বিন্দুমাত্র সুযোগ পেয়েছেন তাকে জীবনপণ করে গ্রহণ করার চেষ্টা করেছেন আন্তরিকভাবে। এভাবেই কন্যা রোকেয়া শৈশব ও কৈশোর অতিক্রম করে।

মুসলমান সমাজে সাধারণত যে বয়সে বিয়ে হত তার তুলনায় রোকেয়ার যথেষ্ট বেশি বয়সে বিয়ে হয়। রোকেয়ার বয়স তখন ষোলো। আঠত্রিশ

বা তার বেশি বয়স্ক এক দোজবরের সঙ্গে তাঁর বিয়ে হয়। কেবলমাত্র মহৎ জীবনাদর্শ ও শিক্ষিত মানসিকতা দেখেই এই বিয়ে হয়। একজন সরকারী কর্মকর্তার স্ত্রী হিসেবে সামাজিক মর্যাদা লাভ করেছিলেন। কিন্তু চেতনার ক্ষেত্রেও স্বামী শাখাওয়াত হোসেনের ভূমিকা আছে যথেষ্ট কিন্তু স্ত্রী হিসেবে জায়া হিসেবে, তিনি সুখী ছিলেন না বলেই মনে হয়। কারণ -

'শৈশবে বাপের আদর পাইনি, বিবাহিত জীবনে কেবল স্বামীর রোগের সেবা করেছি। প্রত্যহ ইউরিন পরীক্ষা করেছি। পথ্য রেঁধেছি, ডাক্তারকে চিঠি লিখেছি।'

একদিকে পিতার বহুবিবাহ অন্যদিকে স্বামীর। এই দুয়ের আঘাতে জর্জরিত রোকেয়া তাঁর বেদনাকে নির্মম বিদ্রুপাত্মক ভাষায় প্রকাশ করেছেন তাঁর রচনায়। বিবাহিত জীবনে রোকেয়া ছিলেন এক প্রবঞ্চিত নারী। তাই মেরী করেলীর জনপ্রিয় কাহিনী Murder of Delicia অনুবাদ করে বলেছেন -

"এ পোড়া ভারত অন্তঃ পুরের কথা
জানিল কি ছলে মেরি করেলী"

রোকেয়া যেন নির্যাতিত করেলীর ডেলিশিয়ার মধ্যে নিজেকে খুঁজে পেতে চেয়েছেন। হতবাক হয়ে যেন ভেবেছেন, হায় হতভাগ্য নারী —

'মরার আগে কেন বার বার মরি।'

রোকেয়ার কোন গ্রন্থ তাঁর পিতা বা স্বামীর নামে উৎসর্গিত নয়। স্কুলের নাম রাখার পিছনে যে কারণটি ছিল তা হল স্বামীর উপার্জিত অর্থে এই স্কুল শুরু করেছিলেন বলে বোধ হয় স্কুলের নাম রাখেন সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল। দু একটি পত্রে একবার আধবার উল্লেখ ছাড়া স্বামী সম্পর্কে নিন্দা বা প্রশংসা কোনোটাই করেননি। বোধ হয় সচেতন ভাবেই পরিহার করেছেন। স্বামীর কাছেও তাঁর প্রতিবাদের কণ্ঠস্বর স্তিমিত থাকেনি -

'তোমার বন্ধু তাঁহার পত্নীর ব্যারামে পনের মাসের ছুটি লইয়া চিকিৎসার জন্য যথাসাধ্য চেষ্টা করিয়াছিলেন। উঁহাদের বংশে বিবাহ একবার মাত্র হয় - স্ত্রী পুরুষ কাহাকেও দ্বিতীয়বার বিবাহ করিতে নাই, এই মত পোষিত হইয়া আসিতেছে। আমার ব্যারাম হইলে তুমি অতটা করিবেনা। তুমি আবার তৃতীয় বিবাহ করিতে অধিকারী কিনা।'

রোকেয়া জীবনে 'মা' হওয়ার স্বাদ থেকেও বঞ্চিত ছিলেন। এক ব্যর্থ জননীর অভিশাপ মাথায় নিয়ে অন্যের সন্তানকেও আপন স্বত্তায় লালন পালন করতে চেয়েছিলন কিন্তু রোকেয়া সেখানেও ব্যর্থ। তাঁর ব্যক্তিগত পত্র থেকে

জানা যায় -

'দুবার মা হয়েছিলুম - তাদেরও প্রাণভরে কোলে নিতে পারি নি। একজন পাঁচ মাস বয়সে, অপরটি চার মাস বয়সে চলে গেছে।'

বিবাহিত জীবনের তীব্র হাহাকার, ব্যর্থতা, শূন্যতাবোধ রোকেয়াকে দিন দিন অবলম্বনহীন করে তুলে ছিল। এমত অবস্থায় ছোটবোন হোমায়রার শিশু কন্যা নূরীকে আপন সন্তানের মত মানুষ করার জন্য নিয়েছিলেন। নূরীর মধ্যেই নিজেকে প্রতিষ্ঠার স্বপ্ন দেখতে থাকেন। কিন্তু মাত্র বারো বছর বয়সে রোকেয়ার স্নেহাঞ্চল ছিন্ন ভিন্ন করে নূরী মৃত্যুবরণ করে। প্রচণ্ড আঘাত সহ্য করেও জীবন অন্বেষনের অবলম্বনহীন পথিক আবার নতুন করে বাঁচার স্বপ্ন দেখতে লাগলেন। আত্মীয় স্বজনদের কাছে একটি মেয়ে চেয়েছিলেন কিন্তু কেউই তার আহ্বানে সাড়া দেয়নি। বিশেষতঃ নূরীর মৃত্যু যেন রোকেয়াকে সমাজের চোখে 'অপয়া' করে তুলেছিল।

নিঃসন্তান হয়ে থাকার বেদনায় পীড়িত সাখাওয়াতের অভিন্ন হৃদয়বন্ধু মুকুন্দদেব মুখোপাধ্যায়ের কাছে একটি শিশুপুত্র দত্তক হিসাবে চেয়েছিলেন। কিন্তু মুকুন্দদেব সে উদারতার পরিচয় দিতে পারেননি। রোকেয়া তখন অন্য আর পাঁচটা সাধারণ মেয়ের মত নারীত্বের পূর্ণতা খুঁজেছিলেন মাতৃত্বে। সমকালে প্রকাশিত গিরীন্দ্রমোহিনী দাসীর কবিতা যেন আরও বেশি পীড়িত করে তুলেছিল -

'ছেলে কোলে নাই যার
যত কিছু সব তার মিছে।' এই বাক্যে।

১৯০৯ সালের ৩ মে স্বামী সাখাওয়াতের মৃত্যু হলে জায়া ও জননী হবার ক্ষীন স্বপ্নটুকু মিলিয়ে যায়। উর্দু ভাষী ভিন্ন সামাজিক পরিবেশে, রুগ্ন স্বামীর সন্নিধানেও জীবনকে অনুসন্ধান করেছেন বারবার। সেখানেও (বিহারের ভাগলপুরে) মেয়েদের দুর্দশার চিত্র রোকেয়াকে ব্যথিত ও মর্মাহত করে তোলে। এবার রোকেয়া নিজেকে অনুসন্ধান করতে লাগলেন নারীত্বের মধ্যে।

স্বামী হারানোর শোক কাটিয়ে উঠে (পাঁচ মাস পর) পাঁচজন ছাত্রী নিয়ে ভাগলপুরের খলিফাবাগে সাখাওয়াত মেমোরিয়াল বালিকা বিদ্যালয় স্থাপন করেন। কিন্তু সমাজের ও আত্মীয় স্বজনের প্রবল বাধার সামনে রোকেয়া যখন মাথা নত করেনি, তখন 'মিশনারীদের চর' ও 'দুঃশ্চরিত্রা' অভিধা দেয়। এমনকি তাঁর প্রাণনাশেরও চেষ্টা করে। এমতাবস্থায় বোন হোমায়রা ও ডেপুটি ম্যাজিস্ট্রেট আবদুল মালিকের সহায়তায় কলকাতায় ফিরে আসেন রোকেয়া। সহস্র বিপদের সামনেও অশোভন উচ্চকণ্ঠ বা নীরব আত্মহননের উত্তাপ

কোনোটাই তাঁকে প্রকৃত নারী হয়ে ওঠা থেকে বিরত করতে পারেনি। গোলাম মোস্তাফা মাসিক মোহাম্মদী পত্রিকায় 'দুঃসাহসিকা' নামে একটি কবিতা লিখেছিলেন যা খুবই যথার্থ -

সাড়া দিল নাকো কেহ সেই ডাকে - সে আকুল আহ্বানে,
জননী টানিছে একদিকে - আর মরণ ওদিকে টানে।
কেহ জাগে, কেহ জাগিয়া ঘুমায়, কেহ ধীরে মেলে আঁখি
ধিক্কার দেয় কেহ জননীরে ঘুম ঘোরে থাকি থাকি।
সন্তান ভোলে জননীরে, তবু জননী ভোলে কি তায়?
প্রাণ কাঁদে তাঁর স্নেহ মমতায় - কল্যাণ কামনায়।
তাই কি জননী বিপুল ব্যথায় ভরিল তোমার প্রাণ?
ভুলে গেলে তুমি আমাদের যত অনাদর অপমান।
শুচি সুন্দর শুভ্রবসনা তপস্বিনীর প্রায় -
বসিলে গহন রাতের আঁধারে আলোর তপস্যায়?
ঘুমায় পুত্র ঘুমায় কন্যা সজাগ প্রহরী সম
দরদী জননী শিয়রে জাগিয়া, দৃশ্য এ অনুপম।

এই কবিতা রোকায়ার প্রকৃতিকে চিনে নিতে সাহায্য করে। কলকাতায় আসার পর ১৩ নং ওয়ালীউল্লাহ লেনের বাড়িতে ১৯১১ সালের ১১ই মার্চ সাখাওয়াত মেমোরিয়াল বালিকা বিদ্যালয়ের ক্লাস শুরু করলেন, আটজন ছাত্রীকে নিয়ে। বিভিন্ন সাময়িক পত্রিকায় (দি মুসলমান, মোহাম্মদী) তাঁর বিদ্যালয় প্রতিষ্ঠার সংবাদ প্রকাশিত হয়। বিশ শতকের নবজাগরণের দীপ্ত আলোকচ্ছটা মুসলমান নারীদের জীবনে ক্ষীনভাবে দেখা দিয়েছিল। তাকে প্রজ্জ্বলিত করার জন্যই গৃহ প্রাচীরের অন্তরালে অবরুদ্ধ, অজ্ঞানতার আঁধারে লক্ষভ্রষ্ট নারীকে সচেতন করে তুলতে চেয়েছেন। নিজের জীবনের ব্যর্থতাকে অন্বেষণ করেছেন পূর্ণ নারীত্বে। অব্যাহত উৎসাহ, প্রয়োজনীয় ও যথোপযুক্ত সহায়তা, অক্লান্ত উদ্যোমে পর্বত-প্রমাণ বাধা ও সরকারী নীরবতা (অর্থনৈতিক) অতিক্রম করতে সক্ষম হয়েছেন। কারণ তাঁর জ্ঞানপিপাসা ছাড়া সহস্র বন্ধন একের পর এক ছিন্ন হয়ে গেছে। তাই স্বরব প্রতিবাদে গর্জে উঠে স্বতন্ত্র ব্যক্তিস্বাতন্ত্রে উজ্জীবিত হলেন। যন্ত্রনা, হতাশা, নৈরাশ্যের মধ্যেও জীবনের প্রতিটি পর্বেপর্বান্তরে নিজেকে অন্বেষণ করেছেন। নজরুলের মত যেন তিনিও ভেবেছিলেন-

'জাহান্নামের আগুনে বসিয়া হাসি পুষ্পের হাসি'

অথবা

'হে দারিদ্র্য তুমি মোরে করেছ মহান।'

এত তীব্র যন্ত্রনা ছিলো বলেই রোকেয়া পরিপূর্ণ নারী হতে পেরেছেন, বলতে পেরেছেন নারীর যন্ত্রনাকে নারীর হয়ে।

সামাজিক বিরোধিতা, নানা বিপর্যয়, চরম অর্থনৈতিক সঙ্কট সত্ত্বেও কয়েকজন শুভমূল্যবোধসম্পন্ন মানুষের সহায়তায় রোকেয়া প্রতিবন্ধকতার তীব্র ভ্রুকুটিকে উপেক্ষা করতে পেরেছেন, কখনো বিনাবেতনে, কখনো স্বল্পবেতনে, কখনো যাতায়াতের গাড়ীভাড়া দিয়ে ছাত্রী সংগ্রহ করেছেন। শুধু বিদ্যালয় প্রতিষ্ঠা নয়, যুগোপযোগী ও সুসমন্বিত শিক্ষাপদ্ধতির উদ্ভাবন করে নারীকে যুগের উপযোগী করে পুরুষের ব্রতের সঙ্গে মেলাতে চেয়েছেন। এই মহানযজ্ঞে তাঁর অভূতপূর্ব সাংগঠনিক তৎপরতা, বিরল দূরদর্শিতা, প্রত্যুৎপন্নমতিত্বের সুষ্ঠ পরিচয় পাওয়া যায়। নারীকে শুধু লিঙ্গ হিসাবে নয় যথোচিত ব্যক্তিত্বে প্রতিষ্ঠা দেওয়াই ছিল তাঁর উদ্দেশ্য। এই ঐতিহাসিক দ্বায়িত্ব পালন করতে গিয়ে নিজের জীবনের যথার্থ রূপ – রস – গন্ধও আস্বাদন করেছেন। আলস্য, ভীরুতা, অজ্ঞানতা ও পরশ্রীকাতরতার দেশে অসাধারণ যুক্তিপরায়ন, দৃঢ় মনোভাবাপন্ন রোকেয়া নারীর দৈন্য ও দুর্গতির উপশম করার চেষ্টা করেছেন, এমনকি মহিলাদের পারস্পরিক আলোচনার জন্য একটি সমিতিও গঠন করেন যার নাম 'আঞ্জুমান – ই খাওয়াতিন ইসলাম' বা মুসলিম মহিলা সমিতি। এই সমিতির মধ্য দিয়েই গোটা সমাজের আসল চেহারাটা সম্যকভাবে অনুধাবন করতে সচেষ্ট হন। 'স্বাবলম্বন ও আত্মনির্ভরতার শিক্ষাদান' ই ছিল এই সমিতির মূল লক্ষ্য। তবে দারিদ্র্য পীড়িত অভাবগ্রস্থ বালিকাদের শিক্ষার ব্যবস্থা, পোশাক পরিচ্ছদ দান, বিধবা ও অসহায় নারীদের জীবিকার ব্যবস্থা, কন্যাদায়গ্রস্থ অভিভাবককে সাহায্য করা ছিল সমিতির অভিষ্ট। এছাড়া কুটির শিল্পের প্রশিক্ষণ, সাক্ষরতা অভিযান, পরিচ্ছন্নতা, জনস্বাস্থ্য, শিশুপালন, পরিবেশ রক্ষা প্রভৃতি বিষয়ে সচেতনতা বাড়িয়ে তোলার প্রচার কার্য চালাতো। সুতরাং নারীর সামাজিক, শিক্ষা বিষয়ক ও আইনগত অধিকারের প্রশ্নে এই সমিতি এক ঐতিহাসিক ভূমিকা পালন করেছে।

রোকেয়া বৈচিত্র্যপূর্ণ জীবনের শেষ ধাপে 'জীবনের মানে' খুঁজে পেয়েছিলেন। বঙ্কিমচন্দ্র বলেছিলেন - 'এ জীবন লইয়া কি করিব? এ জীবন লইয়া কি করিতে হয়?'

রোকেয়ারও জীবন সম্পর্কে ছিল একই জিজ্ঞাসা। শেষ পর্যন্ত কন্যা রোকেয়া থেকে নারী রোকেয়ায় উত্তীর্ণ হতে পেরেছেন মুক্তচিন্তা ও অসাম্প্রদায়িক

মনোভাবের মধ্য দিয়ে -

'শিক্ষার অর্থ কোন সম্প্রদায় বা জাতি বিশেষের অন্ধ অনুকরণ নহে। ঈশ্বর স্বাভাবিক জ্ঞান বা ক্ষমতা দিয়াছেন সেই ক্ষমতাকে অনুশীলন দ্বারা বৃদ্ধি করাই শিক্ষা। ঐ গুনের সদ্ব্যবহার করা কর্তব্য এবং অপব্যবহার করা দোষ।' (রোকেয়া রচনাবলী পৃঃ ২৭)

রোকেয়ার মধ্যে যে নারী সত্তা এতদিন অবগুন্ঠিত অবস্থায় অনাদরে অবক্ষয়ের দিকে এগিয়ে যাচ্ছিল, ১৯১১ সাল থেকে ১৯৩২ সাল পর্যন্ত তাকেই সাদরে স্বমহিমায় প্রতিষ্ঠিত করেছেন। জীবন সম্পর্কে জিজ্ঞাসার সদুত্তরও পেয়েছেন। বিশেষ করে নিজেকে চিনতে পেরেছেন নারী জাগরনের বিস্তারিত কর্মসূচীর মধ্যে। অসহায় জীবনকে নতুনভাবে তাৎপর্যমন্ডিত করেছেন নানাভাবে -

'বুক ঠুকিয়া বল মা - আমরা পশু নই, বল ভগিনী -
আমরা আসবাব নই, বল কন্যে - জড়াউ অলঙ্কার
রূপে সিন্ধুকে আবদ্ধ থাকিবার বস্তু নই, সকলে সমস্বরে
বল, আমরা মানুষ।' (রোকেয়া রচনাবলী পৃঃ ২৯৯)

মানুষের অধিকারের লড়াইয়ে যে গৃহের প্রয়োজন তা পিতার নয়, স্বামীর নয়, পুত্রের নয় - নারীরই একান্ত নিজস্ব গৃহ, তার নিজের অস্তিত্বের গৃহ। রোকেয়া সেই 'গৃহ' নির্মান করতে পেরেছিলেন বলেই জীবন থেকে আনন্দের রস আস্বাদন করে স্বমহিমায় প্রতিষ্ঠিত পূর্ণাঙ্গ নারী হতে পেরেছেন।

"রাধা"

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের রাধা ঃ ইতিহাসের মানবিক মুখ

উত্তম পুরকাইত

তারাশঙ্কর মূলত রসবাদী ঔপন্যাসিক, কিন্তু সমস্ত রচনায় শোনা যায় কালের পদধ্বনি। উপন্যাস রচনার দেশকালের সঙ্গে উপন্যাসের পটভূমির দেশকালের যোগসূত্রে এবং এক অপূর্ব জীবনালেখ্যে দু-ধরনের ঔপন্যাসিকতাকে খুঁজে পাওয়া যায় তারাশঙ্কররের পরিণত উপন্যাসগুলিতে। দেশকালের প্রেক্ষাপট আশ্চর্যভাবে মিশে গেছে উপন্যাসের কাহিনীর অন্তর্গত তত্ত্বে। আত্মদহনের পীড়, প্রত্যাশিত জীবনের ব্যর্থতায় দুঃখবোধের মধ্যে এক শিল্পরসের জাগরণ – এ তাঁর উপন্যাসের কাহিনীকে যে রসগত পরিপূর্ণতা দেয় তার সঙ্গে ঐতিহাসিক, রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক উত্থান-পতনের তুমুল আলোড়নে উঠে আসে ঔপন্যাসিকের নাস্তিকতা থেকে অস্তিবাদী বীক্ষা। 'রসকলি', 'কবি'-র মত রসবাদী উপন্যাসগুলিতে তারাশঙ্কর রাঢ়ের বৈষ্ণবীয় প্রেম অথবা স্নিগ্ধ কাম-গন্ধহীন প্রেমের সঙ্গে কাম-মোহিত প্রেমের সমীকরণে জীবন তৃষ্ণার পরিপূর্ণতাকে অঙ্কন করেছেন। 'হাঁসুলি বাঁকের উপকথা', 'ধাত্রী দেবতা', 'গণদেবতা', 'কালিন্দী' প্রভৃতি উপন্যাসে আঞ্চলিকতার সঙ্গে দেশকালের সংঘাত, সামন্ততন্ত্রের সঙ্গে উদীয়মান ধনতন্ত্রের সংঘাতে সভ্যতার পালা বদলকে দেখিয়েছেন।

ষাটের দশকের উপন্যাস 'রাধা' আরও পরিণত, ইতিহাস ও বৈষ্ণবীয় তত্ত্বের সমন্বয়ে গড়ে ওঠা মহাকাব্যিক উপন্যাস। ফলে এক ঔপন্যাসিকতা দেয় সুগভীর বৈষ্ণবীয় তত্ত্বের ব্যাখ্যা সংজাত প্রেমের আস্বাদ। মহাপ্রভুর প্রেমধর্মের নিষ্কলুষতা পঙ্কিল হয়ে পড়লে তাকে উদ্ধারের প্রচেষ্টায় পরকীয়া তত্ত্বের বাহক রাধাকে অস্বীকার করে কংসারি কৃষ্ণের আরাধনা ও পরিশেষে সেই কঠোর কৃষ্ণরূপের আঘাতে প্রবৃত্তির পরাজয় হলেও প্রাণের মূল্যের বিনিময়ে রাধাকে স্বীকৃতি জানিয়ে পুরুষ ও প্রকৃতির মিলন। অপর ঔপন্যাসিকতায় ধরা পড়ে রাঢ়বঙ্গে নবাবী আমলের শৃঙ্খলা আলিবর্দি খাঁ থেকে সুজাউদ্দিন, সফররাজ খাঁ-এই দীর্ঘ ইতিহাসের বিলাসীতায় চূড়ান্ত অপশাসন, বর্গী আক্রমণে বিধ্বস্ত বাংলা, শাক্ত ও সন্ন্যাসীদের আত্মসংগঠনের পরিবর্তে রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষা এবং মহাভারতের মত রক্তস্নাত যুদ্ধে অন্যায়ের প্রতিকারের ব্যর্থতায় প্রাণ দানের মত নানা ধরনের ফলশ্রুতি। 'রাধা' যদি পরকীয়া সাধনা ও স্বকীয়া সাধনার দ্বন্দ্বে একটি প্রেমের উপন্যাস হত তাহলে ইতিহাস, সংস্কৃতি, রাজনীতির এই দীর্ঘ

পটভূমি ঔপন্যাসিকের সম্ভবত প্রয়োজন হত না। রাঢ়ের ঐতিহাসিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক জীবনের এক ভিন্নমাত্রিক মহাকাব্য 'রাধা'।

১৭২০ -' ৬০ অষ্টাদশ শতাব্দীর এই কয়ক দশকে রাঢ়বঙ্গের ইতিহাস ও সংস্কৃতিতে দুর্যোগ ও অন্ধকার নেমে এসেছিল। দিল্লীর শাসন মুক্ত হয়ে নবাবী আমলের সূচনায় মুর্শিদকুলি খাঁর রাজনৈতিক শৃঙ্খলা ও অর্থনৈতিক সমৃদ্ধি পরবর্তী শাসকদের ভোগবিলাসে বঙ্গের ইতিহাসে কুরুক্ষেত্রের বহুমুখী যুদ্ধের পটভূমি রচনা করেছিল। নবাবী আমলের সুফল জনজীবনে শান্তির পরিবর্তে দুর্যোগ ঘনিয়ে তুলেছিল। প্রবৃত্তির লেলিহান শিখা জ্বলে উঠে ইতিহাসকে যে পথে ঠেলে দিয়েছে, রাঢ়ের সংস্কৃতিতে তার পচন দেখা গেছে আগেই। মহাপ্রভুর সাংস্কৃতিক বিপ্লব ভেঙে পড়েছে, সমৃদ্ধ গঞ্জগুলি কলুষিত করেছে সেই মহৎ প্রেমভাবনাকে। ঔপন্যাসিকের বীক্ষণে প্রথম থেকেই ধরা পড়ে অর্থনৈতিক সমৃদ্ধি জ্বালিয়ে তোলে প্রবৃত্তির আগুন। মুর্শিদকুলি খাঁর পরবর্তী শাসককরা সেই প্রবৃত্তির উন্মাদ লীলার বীকার। আবার ইলামবাজার, জনুবাজার, সুখবাজার প্রভৃতি জমজমাট গঞ্জগুলিতে ধনবান বৈষ্ণব মহন্তরও সেই প্রবৃত্তি, উপভোগের শিকার। ইতিহাসের রাজনৈতিক শৃঙ্খলার বিবরণের পরে দোল যাত্রার কথায় লেখক সেই সর্বনাশের সংকেত পাঠকের সামনে মেলে ধরলেন — "দেশের জীবনের শুধু এইখানটিতে সর্বনাশের সংকেত পরিস্ফুট হয়ে উঠেছে। জীবনে পচ ধরেছে; একটু অবহিত হলেই তার গন্ধে অন্তরাত্মা শিউরে ওঠে। কিন্তু সেদিকে অবহিত হবার মত দৃষ্টির স্বচ্ছতাও নেই কারও।" — ইতিহাস ও সংস্কৃতি একাকার হয়ে আছে উপন্যাসে।

মহাপ্রভুর বৈষ্ণবধর্ম যে জীবনকে সাগর সঙ্গমে পৌঁছে দিয়েছিল, এক মহৎ তীর্থে উপনীত হয়ে সমগ্র বাঙালি পেয়েছিল অমৃতময় শুদ্ধ জীবনের আস্বাদ। সেই প্রেমবিপ্লবে ভেসে গিয়েছিল বড় রিপুর লোভ, অহংকার ও স্বার্থ পরতার, ধর্মীয় বিচ্ছিন্নতার হানাহানি। সংযম, সহিষ্ণুতা, ত্যাগে, চিত্তের আনন্দময়তায় যে মহৎ-জীবনে উত্তীর্ণ হয়েছিল বঙ্গের জনজীবন, ধীরে ধীরে সে পথ মজে এসেছে। অমৃতের স্বাদ ঠেকেছে দেহের পঙ্কে, আত্মার মুক্তিপথ রুদ্ধ হয়ে জীবন হয়েছে মজাবিল। বদ্ধ জলাশয়ে চক্রাকারে একই বৃত্তে আবর্তিত প্রেম সাধনা কোনো সাধনা নয়, ধর্মের আচার- আচরণের মরুতে আচ্ছন্ন অন্ধজীবন ভোগ। বৈষ্ণবধর্মের এই পচন দরিদ্র ভিক্ষুক বৈষ্ণব-বৈষ্ণবীর আচরণ থেকে সর্বস্তরে ছড়িয়ে পড়েছিল। সামন্ততন্ত্রের প্রতিভূ অথবা সদ্য-উদ্ভূত বণিক সম্প্রদায়ের সঙ্গে বৈষ্ণবধর্মের সংযোগ এই বিকৃতিকে চরমে পৌঁছে দিয়েছিল। এই বিকৃতি থেকে জাতির উদ্ধারক রূপে আবির্ভূত উপন্যাসের নায়ক মাধবানন্দ তাঁর বংশ পরিচয়ে, নিজের অতীত জীবনের সেই কলুষতাকে দেখেছিলেন। এই কলুষতা তাঁর কাছে

আবার ফিরে এসেছে কৃষ্ণদাসীর রূপ ধরে।

নবাবী শাসনে শায়েস্তা হয়েছিল চোর, ডাকাত, দরিদ্র লম্পটরা কিন্তু অর্থনৈতিক সমৃদ্ধির স্রোতে যে ধনবান লম্পটদের আবির্ভাব ঘটে তারা যে কোনো সভ্যতার, ইতিহাসের, সংস্কৃতির স্বচ্ছ জীবন-যাপনের সর্বত্র তাদের কলুষিত জীবনভোগের নেশায় ভাঙন ধরিয়ে দিতে পারে। লেখক দেখিয়েছেন সেই স্রোতপ্রবাহে বৈষ্ণবের সাধনায় কিভাবে ধরেছিল ফাটল — "ইলামবাজারে, জনুবাজারে ব্যবসা বাণিজ্যর স্রোত। গঞ্জ উঠল জেঁকে । ঢাকা থেকে বাংলার রাজধানী এল মুর্শিদাবাদে; সঙ্গে সঙ্গে রাঢ় অঞ্চল আবার জাঁকল। ..... স্রোতটা বাইরে থেকে যেমন এল, ভিতর থেকেও তেমনই বন্যার জলের সঙ্গে মেশবার জন্য পুকুরের জলেও স্রোত ধরল। এখানকার দোকানদারও এক পুরুষের মধ্যে মহাজন হয়ে উঠে আমিরী বিলাসে মাতল; যারা সামান্য সাধন ভজন করত তারা হয়ে উঠল সাধক।" — এই পথেই বৈষ্ণবের প্রেমধর্মে নেমে এসেছে পঙ্কিলতা। কৃষ্ণদাসীকে এরাই সাধনার পথ থেকে টেনে কাদায় নামিয়েছে। বৈষ্ণবের পরকীয় তত্ত্বে যে বিকার নেমে এসেছিল, সে বিকার যেন ইতিহাস ও অর্থনৈতিক পালাবদলের অনিবার্য ফলশ্রুতি। এর সর্বব্যাপক প্রভাব পড়েছিল সাধারণ জনজীবনে। অষ্টাদশ শতাব্দীতে রাঢ়ের সামগ্রিক জীবনে ঘোর অনাচার ব্যথিত করেছিল মাধনানন্দ বা তারাশঙ্করের সততানিষ্ঠ জীবনাদর্শকে।

মাধবানন্দের স্বকীয়া বৈষ্ণব ধর্মের প্রতিষ্ঠার লড়াই বিকৃত সভ্যতা, সংস্কৃতি ও ইতিহাসের পুনরুদ্ধারের প্রচেষ্টা। এই প্রতিকারের ভাবনা প্রবল হয়েছিল বঞ্চিত মায়ের সারা জীবনের বেদনা থেকে। যে বিকৃতি বৈষ্ণবের সাধনাকে ভাসিয়ে দিয়েছে তা দেশকাল থেকে সমাজ পরিবারেও প্রবেশ করেছিল। পিতৃবংশকে দেখেছে, জমির সনদ পেয়ে জোতদার হয়ে সেই কর্তারা যবনীকে নিয়ে বিলাসের আমিরি ঢঙ পালটে বৈষ্ণবীয় ভজনার মুখোশ পরে ছিল। প্রস্তরীভূত বেদনা নিয়ে মাধবানন্দের মা পুত্রের মনে সংকল্পের মন্দির গড়ে তুলেছিল। সেই সংকল্প "তার মা যাতে বেদনা পেয়েছেন, সারাটা জীবন ম্লানমুখী হয়ে কাটিয়েছেন, তার উচ্ছেদ যে করবেই। ধর্মের নামে জীবনের বিকৃতি প্রবৃত্তির এই ব্যাভিচারকে সে জীবনপাত করে নির্মূল করবে। ... মানুষের জীবনের মধ্যে চৈতন্যের প্রকাশ হয়ে চলেছে অসৎ থেকে সতে, অশুদ্ধতা থেকে পরিশুদ্ধতায়। বিকৃত ব্যাখ্যায় অধোমুখী বিপরীতধর্মী করার পাপ কখনো সহ্য করবে না। সমস্ত দেশ সমস্ত জাতি -সব যাবে অনিবার্য ধ্বংসের পথে।" —স্বকীয়া তত্ত্বের অভিনব ব্যাখ্যা উঠে এসেছে মাধবানন্দরূপী তারাশঙ্করের ঔপন্যাসিকতায়। কৃষ্ণের বৃন্দাবনলীলাকে বাদ দিলে তাঁর যে প্রতিহারিমূর্তি প্রধান হয়ে ওঠে সেই সাধনাই

স্বকীয়া সাধনা। পরকীয়া সাধনার যে মাধুর্য মহাপ্রভু প্রচার করেছিলেন তা জনসমাজের সর্বত্র তার ঐতিহ্য রক্ষা করতে পারেনি। বরং পরকীয়া রাধাকে আশ্রয় করে জনজীবন পঙ্কময় হয়ে উঠেছিল। এই পচন রোধ করতে না পারার কারণেই হিন্দুধর্মও হীনবল হয়ে পড়ে। মাধবানন্দের ভাবনায় ঔপন্যাসিক ইতিহাস ও বৈষ্ণবীয় তত্ত্বের সংঘাতকে একাকার করেদিয়েছেন — " দোষ সে ঔরঙ্গজীব বাদশা বা হিন্দু ধর্মবিদ্বেষী বাদশাদের দেয় না। তারা তাদের ধর্ম বিশ্বাসমত কাজ করেছে। ধর্ম বিশ্বাস যদি ভ্রান্ত হয় তবে তার ফল ভোগ তারা করবে। কিন্তু হিন্দুর এ দুর্ভোগ তার নিজের জীবনের কর্মফল। এ পাপ থেকে হিন্দুকে উদ্ধার পেতে হবে।" — মাধবানন্দ সত্যের উদ্ধারক হিসাবে আবির্ভূত হয়েছেন। সেই সত্য কলঙ্কিনী রাধা নয়, পরিশুদ্ধা রাধা, যাকে ছড়িয়ে দিতে পারবেন জনজীবনে। রবীন্দ্রনাথ, টলস্টয়, ভিক্টর হুগো, তারাশঙ্করের রচনার মধ্যে এই দেশকালের সত্য আবিস্কারের চেষ্টা দেখা যায়। এই সমস্ত কথাকার এক সত্যনিষ্ঠ আদর্শের প্রতি অবিচল বিশ্বাস তাঁদের ব্যক্তিজীবন ও সাহিত্যে রেখে যান।

ঔপন্যাসিক তাঁর ভাবাদর্শ ও বীক্ষাকে রূপ দিয়েছেন নবীন সন্ন্যাসীর কৃষ্ণরূপের আরাধনা ও নতুন গড় নির্মাণ করে হিন্দু ধর্মের আত্মসংগঠনের প্রচেষ্টার মধ্যে দিয়ে। একদিকে নবীন গোঁসাই -এর কাছে কৃষ্ণদাসী ও মোহিনীর প্রেম প্রত্যাশা এবং সংকল্পে দৃঢ় মাধবানন্দ অপরদিকে কেশবানন্দকে নিয়ে অন্যায়ের প্রতিকারে আত্মসংগঠন গড়ে তুলতে চায় এই সন্ন্যাসী। তাঁর জ্ঞান, পুঁথিপাঠ ও ধর্ম উপলব্ধির খ্যাতি পড়েছিল ছড়িয়ে। স্বকীয় তত্ত্বের প্রথম প্রচারক আচার্য কৃষ্ণদেব যখন নিজেই পরকীয়া তত্ত্বে দীক্ষা নেন তখন পালিয়ে এসেছিলেন। তাঁর কংসারি আরাধনার গুরু কেউ নয়, মহন্ত মহারাজের কথা স্বীকার করলেও এই আদর্শ তার জীবন দর্শন, তার অন্তর থেকে উঠে এসেছে। তার এই ধর্মবোধের পরম্পরা আছে। পরকীয়া সাধনার মর্মার্থ তা অজানা নয়। পরকীয়া নায়িকার মিলনাগ্রহ, আত্মসমর্পনের গভীরতা, সেই অকূলে ঝাঁপ দেওয়ার আকাঙ্ক্ষার কথা তিনি জানেন। বৈকুণ্ঠের অধিশ্বরী ঈশ্বরের শক্তিরূপিনী লক্ষ্মী স্বামী-প্রেমের ঐশ্বর্য ও সকল গৌরবের অধিকারিনী হয়েও তৃপ্ত হন নি; মনে হয়েছিল এর চেয়েও মধুতম মাধুর্য আছে। সেই মাধুর্য আনন্দের জন্যই তিনি দাপরে গোকুলে পরকীয়া রাধা হয়েছিলেন। তিনি জানেন, এ ভজনার মাধুর্য পঙ্কোদ্ভূত পঙ্কজের মত সর্বমালিন্য-মুক্ত, এ পুষ্পের মর্ম মধুর-আস্বাদ অমৃততুল্য। তবু তিনি রাধাকে স্বীকার করতে পারেন না। কারণ তিনি জানেন এই আস্বাদ সাধারণের জন্য নয়। এ অধিকার নিষ্কাম ভক্তের। ঔপন্যাসিক পাশাপাশি দাস-সরকার ও তার

কু-পুত্র অক্রুরের চরিত্রে বুঝিয়ে দেন, যে দেশকালে মাধবানন্দের আবির্ভাব সেখানে নিষ্কাম ভক্তের আরাধনা কল্পনা অকল্পনীয়। অন্যায়ের প্রতিকারে পরকীয়া প্রকৃতিরূপা নারীকে নিয়ে সব অভিজ্ঞান ছেড়ে প্রেমের অভিজ্ঞানে দাঁড়োনো কঠিন। যদুপতি কৃষ্ণও কংসারি রূপধারণ করে রাধাকে ত্যাগ করেছিলেন। রাধাকে স্বীকার করে জনসমাজের মধ্যে প্রতিকার ধর্মের আদর্শ প্রতিষ্ঠা করতে গেলে ভ্রান্তি প্রবেশ করবে সহজেই। আত্ম সংগঠনে চাই দৃঢ়তা ও সংযমের শুদ্ধতা। এখানে দেশব্রতী, সত্যধর্মের উদ্ধারকরা কঠোর। কৃষ্ণদাসী পাগলিনী হলেও মাধবানন্দ বিচলিত হন না। মাধবানন্দ ন্যায়ের সঙ্গে ন্যায়ের যুদ্ধের কথাও বলেন। তবে যখন জানতে পারেন কৃষ্ণদাসী তার জন্য উন্মাদ হয়েছে তখন দুঃখবোধ করেন। মাধবানন্দ অষ্টাদশ শতাব্দীর রাজনৈতিক ধর্মনৈতিক বিশৃঙ্খলার আড়ালে ঢেকে থাকা এক ইতিহাসের নায়ক। জাতির পুনরুদ্ধারের জন্যই ভোগবিলাসের প্রতীক নারীকে তার আত্মসংগঠনের মহৎব্রতে প্রবেশ করতে দিতে চায়নি।

মাধবানন্দ 'রাধা'কে অস্বীকার করে বাংলার সাংস্কৃতিক বিপ্লবের ঐতিহ্য, ধর্মসমন্বয়ের ঐক্য নিয়ে গড়া ইতিহাস থেকে বিচ্যুত হতে চাননি, তাকে পরিশুদ্ধ করতে চেয়েছিলেন। তিনি কল্যাণ-চৈতন্য জাগাতে চান। বলেন — "মহাপ্রভুর এই প্রেমধর্ম আমি অন্তর দিয়ে গ্রহণ করেছি, সেখানে কোন বিরোধ নেই।" এই ধর্মবোধ থেকে বোঝেন, দেখেন — "সন্ন্যাসী সম্প্রদায়ের মধ্যে যে সাড়া আমি দেখেছি, সে সাড়ার মধ্যে হিংসার রক্তচক্ষু দেখেছি, কুটিল আক্রোশের গর্জন শুনেছি।" — তাঁর চোখে ধরা পড়েছে বৈষ্ণবের সাধনার নামে তীব্র দেহভোগের উন্মাদলীলা। এই বিলাসিতা যে জাতিকে গ্রাস করেছে তারা কেউ তাদের পৌরুষ, প্রতিকারের ঐতিহ্য রক্ষা করতে পারেনি। শিবাজীর পর শম্ভুজী সুরা এবং নারীর আসক্তিতে ডুবে বিকৃত হয়ে মুঘল কারাগারে বন্দী হয়ে প্রাণ দিয়েছে। রাজপুতনা ঘুরে দেখেছেন —"এত তেজ, যত বড় বীর্য, কিন্তু রন্ধ্রে রন্ধ্রে কি ব্যাভিচারের ব্যাধি।" তাই মীরার রণ ছোড়জীর মন্দিরে দাঁড়িয়ে মাধবানন্দ কেঁদেছিলেন। পরকীয়া রাধার বিষক্রিয়ায় জর্জরিত বৈষ্ণব ধর্মের দ্বারা জাতির পুনরুদ্ধার কল্পনা আকাশ কুসুম। মাধবানন্দের ভাবাদর্শের সঙ্গে মিশে আছে লেখকের ইতিহাস, রাষ্ট্রদর্শন, সর্বোপরি সততা।

ঔপন্যাসিক তারাশঙ্কর কালের অনিবার্য আঘাতে আদর্শ প্রতিষ্ঠার ব্যর্থতাকে সহানুভূতির দৃষ্টিতে দেখেন। সামন্ততন্ত্রের পরাজয় মেনে নিতে হয়েছে শিবনাথকে, অহীন্দ্র পারেনি কালিন্দীর চরে প্রথম বসবাসকারী সাঁওতালদের রক্ষা করতে। মাধবানন্দ অন্যায়ের প্রতিকারধর্মকে একমাত্র বৈষ্ণবসাধনা করে

ইতিহাসের বিপরীতে দাঁড়াতে চেয়েছিলেন। তাঁর এই মহৎ কর্মকাণ্ডে সহযোগীরূপে পেয়েছিলেন কেশবানন্দকে। তবু কেশবানন্দের পথ ও মাধবানন্দের পথ এক নয়। বৈষ্ণব ধর্মাবলম্বী কেশবানন্দ রাজকর্মে প্রতিষ্ঠা পেয়ে সংসার সম্পত্তি পেয়েছিলেন। কিন্তু "মুঘলবংশের যে শাখাকে সমর্থন করে প্রতিষ্ঠা পেয়েছিলেন — তার ধ্বংসের সঙ্গে সঙ্গেই ধ্বংস হয়ে গেছেন।" — এই কেশবানন্দের রক্তে ছিল প্রতিশোধের স্পৃহা, সর্বস্ব হারানোর জন্য দায়ী বিধর্মীদের ধ্বংস করার প্রচেষ্টা। এজন্য মাধবানন্দের আত্মসংগঠন নয়, রাজনৈতিব রণকৌশল উচ্চাঙ্ক্ষা চরিতার্থতার লক্ষ্যে নবাবী আমলের দুর্বলতায় ও সিংহাসন লোভের হানাহানির সুযোগে বৈষ্ণব স্বকীয়, পরকীয় সন্ন্যাসী ও শাক্তেরা যে শক্তি সঞ্চয়ের আয়োজন বিচ্ছিন্নরূপে করে যাচ্ছিল সেই সমস্ত শক্তিকে একত্র করার উদ্দেশ্যে মাধবানন্দকে আশ্রয় করেছে, তার দুঃশ্চিন্তায় ভরসা দিয়েছে। কেশবানন্দের রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষা থেকে সরে থাকতে চাইলেও মাধবানন্দ কর্ম স্রোতে ভেসে গেছেন। নাগা সন্ন্যাসীর বেশধারী বর্গীদের চিনতে পেরে মাধবানন্দের প্রতিহারি মূর্তি সকলকে মুগ্ধ করেছিল। কৃষ্ণদাসী ও মোহিনী দেখেছে নবীন গোঁসাই যেন তাদের উদ্ধারক। কিন্তু এই সিদ্ধ পুরুষ অসহায়, বিপদগ্রস্তকে উদ্ধার করেন, কোনো প্রেমলীলায় ধরা দেননা। মাধবানন্দের এই প্রত্যাখ্যান কৃষ্ণদাসী মানতে না পেরে কখনো পাপাবোধের অনুশোচনায় দগ্ধ হয়েছে কখনো নবীন গোঁসাই-এর অহংকার চূর্ণ করার জন্য মোহিনীকে অক্রুরের হাতে তুলে দেবার শর্ত হিসেবে ইলামবাজারে অক্রুরের হাতে মাধবানন্দের অপমান দেখতে চেয়ে সেই ভয়ংঙ্করতার কথা ভেবে উন্মাদিনী হয়ে গেছে। মোহিনীকে রক্ষা করার অনুরোধ নিয়ে কয়ো উপস্থিত হলে মাধবানন্দ হেতমপুরের হাফেজ খাঁর কাছে পাঠিয়ে দিয়েও বিচলিত না হয়ে পারেনি। আবার কেশবানন্দ তাদের সুরক্ষার কথা বললেও "দৃঢ়স্বরে মাধবানন্দ বলে উঠলেন, না। বিশ্বসংসারে পাপ এবং পুণ্য প্রবৃত্তি দুইটি একই শক্তির দুই বিরোধী রূপ। এ বিরোধের মধ্যে সন্ধির মধ্যপথ নেই কেশবানন্দ। পাপকে মরতেই হবে। তার পুণ্য বিলুপ্তির মধ্যেই চৈতন্যস্বরূপের মহাপ্রকাশ সম্পূর্ণ হবে।" — কিন্তু নানা দিক থেকে ঘনিয়ে আসা সংকটে মাধবানন্দ পারেননি কালের হাত থেকে নিজেকে, তাঁর আদর্শকে রক্ষা করতে। তার অনিবার্য পদধ্বনি মাধবানন্দ শুনতে পান —" কালের পদধ্বনি শোনবার সেই ধ্বনি তরঙ্গ অনুভব করার শক্তি বোধ হয় জীব জগতের জন্মগত। নইলে প্যাঁচা শেয়াল এরা ঠিক প্রহরে প্রহরে কী করে ডেকে ওঠে? আমরা মানুষ। ওদের থেকে অনেক জন্ম এগিয়ে আছি। আমাদের পক্ষে বর্তমানকে অতিক্রম করে ভবিষ্যতের কোন এক প্রহরের ক্রান্তিমুহূর্ত অনুভব

করা তো অসম্ভব নয় কেশবানন্দ।" — মাধবানন্দের এই আশঙ্কা সত্য হয়ে উঠল বর্গী আক্রমণের ধ্বংসলীলার সেই ক্রান্তিপর্ব থেকে বাংলাকে উদ্ধার করা মাধবানন্দের পক্ষে সম্ভব হল না।

ঔপনিবেশিক শাসনে প্রবেশের প্রাক্ মুহূর্তে মাধবানন্দের পরাজয়ে বাংলার ইতিহাস, সংস্কৃতি ও জাতিসত্তার পুনরুদ্ধারের অন্তিম প্রচেষ্টার ব্যর্থতা ঘোষিত হয়। তামাম হিন্দুস্থান ছারখার হয়ে গেছে। কুরুক্ষেত্রের ইশারা, উদ্যোগ পর্ব শেষ। মাধবানন্দ বিষন্ন, ক্লান্ত। এক ভয়ঙ্কর শূন্যতা মাধবানন্দকে গ্রাস করে, দেহে কোনো ব্যাধির চিহ্ন নেই, যেন শুধু চৈতন্যের মড়ক। সেই চরম শূন্যতা ও নাস্তিকত্বের অন্ধকার থেকে উঠে আসতে মাধবানন্দ ছুরি হাতে নিজেকেই ক্ষতবিক্ষত করে। এই পরাজয়ের কারণ তাঁর অজানা নয়, ক্ষমতার দ্বন্দ্বে আদর্শ প্রতিষ্ঠা পরাজিত হয় ক্ষমতার বৃত্তে যে উচ্চাকাঙ্ক্ষা আত্মগোপন করে থাকে তাকে চিনতে না পারা বা তার হাত থেকে আদর্শকে সরিয়ে রাখতে না পারায়। অধঃপতিত নবাবী শাসন, ধর্মবোধ, সংস্কৃতি ও জীবন-যাপনের কলুষতার বিরুদ্ধে তরবারি হাতে কংসারি মূর্তিতে দাঁড়িয়ে যে আদর্শ মাথা তুলেতে চেয়েছিল তা কালের হাতেই পরাজিত হয়েছে। বৈষ্ণবের সাধনা যেমন রাধা রূপে কৃষ্ণের মোহন মূর্তির স্বরূপকে বুঝে উঠতে পারে না, কখনো তা মহৎ প্রেমের প্রত্যাশা জাগিয়েও বিকৃতির অন্ধকারে হারিয়ে যায়; তেমনি 'রাধা'কে বা লীলারূপকে অস্বীকার করে কৃষ্ণের সংসারি রূপের সাধনাও রহস্যাবৃত্ত থেকে যায় -"সেই নাস্তিক,মানসলোক দর্শন করা সেই বিচিত্র সত্তা আজ বাস্তবে দিবালোকের মত প্রত্যক্ষ হয়ে আসছে। এক কৃষ্ণ অবগুণ্ঠনাবৃত্তা রহস্যময়ী - তাকে ধরা যায় না, ছোঁয়া যায় না, শুধু নিদারুণ হতাশার আতঙ্কের মত ঝাপসা - তার আঁচল দিয়ে সব কিছু মুছে দিচ্ছে। দ্যুলোক ভূলোক দুলছে, উল্টে যাচ্ছে"- টলতে টলতে জলে পড়ে গিয়েছিলেন মাধবানন্দ। "গঙ্গার জলস্রোতের মধ্যে সেই রহস্যময়ী কায়ারূপ ধারণ করেছে- বর্ণহীন, গন্ধহীন, শব্দহীন, গতিহীন নাস্তিত্ব"।

নাস্তিকতার মধ্যে থেকে উঠে আসে আদর্শবাদী লেখকের অস্তিত্ববাদী বিশ্বাসের ধ্রুবলোক। মাধবানন্দও পৌঁছে যান অমৃতলোকে- মোহিনীর কাছে। যে মোহিনী বৈষ্ণবের পঙ্কের মধ্যে জন্মেও ইতিহাসের মহাতাণ্ডব যার উপর দিয়ে বহে গেলেও যে তার অস্তিত্ব রক্ষা করেছে সেই মোহিনীই ফিরে এসেছে বাঁশরীওয়ালী প্যারেজী রূপে। ঔপন্যাসিক বাস্তবের ধ্বংসলীলার তান্ডবের ইতিহাসের সঙ্গে আদর্শ বা বিশ্বাসের স্বপ্নলোক রূপী 'রাধা' কে এভাবে মিলিয়ে দেন। মাধবানন্দ যে 'রাধা'কে ফিরিয়ে দিয়েছিলেন তা সভ্যতার, বৈষ্ণবের, ইতিহাসের বিকৃতি, আর যে রাধাকে সঙ্গে নিয়ে তার মৃত্যু তা কুরুক্ষেত্রের

মহাযুদ্ধের পরেও যে স্বপ্ন বিশ্বাসকে আঁকড়ে ধরে মানুষের ইতিহাস, সভ্যতা, সংস্কৃতি বাঁধতে চায় সেই 'রাধা' বাঁশরীওয়ালী। সমালোচক পার্থপ্রতিম বন্দ্যোপাধ্যায় লিখেছেন-" ঐ বাঁশরীওয়ালীর মোহিনীর সঙ্গেই তাঁর মৃত্যু- রাধাকে বুকে গ্রহণ করেই। এ রাধা সমাজ, এ রাধা ইতিহাস, এ রাধা সময়- এ রাধা মাধবানন্দকে মুক্তি দেয় বাউলের গানে, স্বপ্নের মিথে। ..... মাধবানন্দর জনসমাজকে উজ্জীবনের স্বপ্ন বাস্তবে আসে না, আজও দুশো বছর পরেও আসেনি। কবে আসবে? ..... মাধবানন্দর সংগ্রামে-প্রতিরোধে, নাস্তিক্যে, শূন্যতায় আবার মোহিনীর শেষ স্পর্শে নিবিড় মানবিক উত্থানের গল্প — যে গল্প আজও বহমান, যে গল্প আমাদের শুনতেই হয়।" — (উপন্যাস রাজনৈতিক, তারাশঙ্কর)

"ইনফ্যান্ট টেরিবল্"

সুপ্রিয় ধর

"দেশটা ক্রমশ ইতরের দেশ হয়ে দাঁড়াচ্ছে। আর কোন সৎ শিল্পীর নিজের দেশকে ইতর বলে দেখানো উচিত নয়, ব্যাপারটা অধার্মিক।" — এরকম স্পষ্ট উচ্চারণ যিনি করতে পারেন তিনি বাংলা তথা ভারতীয় চলচ্চিত্রের "infant terrible", দামাল শিশু, আদতে আপোষহীন দামাল চলচ্চিত্র পরিচালক ঋত্বিক কুমার ঘটক। "Tiger – the Films of Ritwik Ghatak" প্রবন্ধে প্রখ্যাত সমালোচক Derek Malcolm -এর মূল্যায়ন প্রণিধানযোগ্য — "Of all India's many comparatively unsung directors, Ritwik Ghatak (1925-76) was possibly the most obiously talented .... Here, we all felt, was a passionate and intensely national film-maker who scemed to have found his way without much access to the work of others but who was most certainly of international calibre." ঋত্বিকের ভাষায় এই 'ইতরের দেশ'-এর সাংস্কৃতিক পরিমণ্ডলে তাঁর শিল্প আমাদের অস্তিত্বের রক্তক্ষরণের ইতিহাস, আমাদের প্রত্যেকের স্বরূপচেনার ও চেনানোর বজ্র নিনাদ। ঋত্বিকের ছবি যেন 'মেঘে ঢাকা তারা'র নায়িকা নীতার আকাশ বাতাস প্রকম্পিত বেঁচে থাকার আর্তি যা সমগ্র দেশজুড়ে প্রকম্পিত, প্রতিধ্বনিত করে আমাদের বেঁচে থাকার অধিকার।

ঋত্বিক ঘটক মোট আটটি পূর্ণাঙ্গ চলচ্চিত্র তৈরী করেছিলেন — 'নাগরিক' (১৯৫২-৫৩), 'অযান্ত্রিক' (১৯৫৮), 'বাড়ি থেকে পালিয়ে' (১৯৫৯), 'মেঘে ঢাকা তারা' (১৯৬০), 'কোমল গান্ধার' (১৯৬১), 'সুবর্ণরেখা (১৯৬৫), 'তিতাস একটি নদীর নাম' (১৯৭৩), এবং 'যুক্তি তক্কো আর গপ্পো' (১৯৭৪)। এক বিড়ম্বিত, অস্থির, বিক্ষুব্ধ সময়ে ঋত্বিক তাঁর অসাধারণ ছবিগুলি নির্মাণ করেছিলেন। 'কোমল গান্ধার'এ ভৃগুর বাবার মুখে একটি অনন্য সংলাপ — 'কি নির্মল ছন্দে জীবনটা শুরু করেছিলাম, এই ভাবে শেষ হয়ে যাওয়া কি উচিৎ?' — এই প্রশ্নটি সম্ভবত আমাদের সকলেরই প্রশ্ন। 'যুক্তি তক্কো আর গপ্পো'তে নীলকণ্ঠ বাগচীর একটি সংলাপ আমাদের মনে বিঁধে থাকে, অবিরাম ঢেউ তুলতে থাকে, "এভরিথিং ইজ বার্নিং, এভরিথিং উইল বার্ণ"। এই তাহলে ঋত্বিক ঘটক — দেশভাগের যন্ত্রনা, উদ্বাস্তু সমস্যা, ছিন্নমূল মানুষের জীবনযন্ত্রনা, ভ্রান্ত রাজনীতি, নিয়ম-নীতিহীন সংস্কৃতি — এরকম বিভ্রান্ত, হতাশ পরিবেশের অসহায়তা, হতাশা,অসংলগ্নতা ঋত্বিকের ছবিতে একেবারে নতুন আঙ্গিকে ধরা

আছে। বাংলা চলচ্চিত্রের এক স্বতন্ত্র বাগ্‌বৈশিষ্ট্য, সচেতন বাচনভঙ্গী যা একান্তভাবেই ঋত্বিক ঘটকেরনিজস্ব তা চলচ্চিত্রের ফ্রেমে ঋত্বিক তৈরী করতে সচেষ্ট থেকেছেন। বলতে দ্বিধা নেই যে, চলচ্চিত্রে ঋত্বিকের এই পরীক্ষা নিরীক্ষার প্রচেষ্টা সব সময় সফল হয়নি, কিন্তু একেবারে দেশজ আবহাওয়ায় চলচ্চিত্রের মৌলিক ভাষাটাকে ভেঙ্গে চুরে নতুন একটা ভাষা, চলচ্চিত্রের একটা নতুন medium-এর হদিশ ঋত্বিকের ছবিতেই ভারতীয় দর্শক প্রথম পেলেন। ঋত্বিকের চলচ্চিত্রের ইতিহাস ফর্ম ভাঙার ইতিহাস। হলিউডের প্রভাব ঋত্বিকের মধ্যে বিন্দুমাত্র নেই। সম্পূর্ণ দেশজ প্রেক্ষাপটে আন্তর্জাতিক মানবিক দলিল ঋত্বিকের ছবি, আর এখানেই ঋত্বিকের ব্যক্তি ও শিল্পীমানসের অনন্যতা। সত্যজিৎ রায়ের মন্তব্য এ প্রসঙ্গে উল্লেখযোগ্য : 'আমাদের সকলের মধ্যেই কিছু কিছু হলিউডের প্রভাব ঢুকে পড়েছিল, কিন্তু ঋত্বিক ঘটক কোন এক রহস্যময় কারণে সম্পূর্ণ সে প্রভাব থেকে মুক্ত ছিল, ...ঋত্বিকের প্রধান গুণ ছিল তাঁর বৈশিষ্ট্য, তাঁর মৌলিকতা এবং সেটা সে শেষ পর্যন্ত বজায় রেখেছিল।'

ঋত্বিকের আটটি ছবিতেই হলিউডের প্রভাবমুক্ত চারিত্র্যধর্ম, চলচ্চিত্রের একান্ত নিজস্ব ভাষা, যা ঋত্বিকের চিত্রকর্মের প্রধান বৈশিষ্ট্য অম্লান হয়ে আছে। ঋত্বিক তাঁর ছবির জন্য যে বিষয়-বস্তু নির্বাচন করেছিলেন সে রকম বিষয়-বস্তু নিয়ে যে চলচ্চিত্র নির্মাণ করা যায় ঋত্বিকের আগে আর কেউ তা ভাববার সাহস পাননি। ঋত্বিকের প্রায় সব ছবিতেই দৃশ্যপরিকল্পনা, রূপকল্পনির্মান, চলচ্চিত্রের আবহসৃষ্টি, ধ্বনি ও সংগীতের অব্যর্থ প্রয়োগ, এবং সর্বোপরি ঋত্বিকের মেজাজ শাসকচেতনা রূপে সক্রিয়। দেশীয় লোকাচার, লোকসংগীত, মিথ্, বিশ্বাস ইত্যাদির উপস্থাপন ও প্রয়োগনৈপুন্যে ঋত্বিক ঘটক একক,এবং অনন্য।

'শিল্পের জন্য শিল্প' — এই শ্লোগানে ঋত্বিক বিশ্বাসী ছিলেন না। নিছক শিল্পচর্চার জন্য ঋত্বিক চলচ্চিত্রের জগতে আসেননি। ঋত্বিকের নিজের ভাষায় : 'আমি প্রতি মুহূর্তে আপনাকে ধাক্কা দিয়ে বোঝাবো, ... যদি আপনি সচেতন হয়ে ওঠেন, ছবি দেখে বেরিয়ে এসে বাইরের সেই সামাজিক বাধা বা দুর্নীতি বদলাবার কাজে লিপ্ত হয়ে ওঠেন, আমার protest কে যদি আপনার মধ্যে চারিয়ে দিতে পারি, তবে শিল্পী হিসেবে আমার সার্থকতা।' ছবি করতে আসার উদ্দেশ্যটা যেহেতু পরিস্কার, ফলত ঋত্বিক তাঁর ছবিগুলোতে এমন এক সাবলীল আঙ্গিকের আশ্রয় নিয়েছেন যেখানে নাটকীয়তা, অতিনাটকীয়তা, আর্কিটাইপ বা মৌল-প্রতীকের ব্যবহার সম্পূর্ণ এক নতুন চিত্রভাষা, নতুন এক প্রতীকী রূপের জন্ম দিয়েছে। ধ্বনি নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করার জটিল, দুঃসাহসী প্রচেষ্টা

ঋত্বিকের ছায়াছবিতে অনুভবশক্তির গভীরতা প্রদান করছে। আর চলচ্চিত্রে সংগীতের ব্যবহার কোন মাত্রায় পৌঁছতে পারে, সংগীতের ব্যবহার একটি ছবিকে কি ধরণের মহাকাব্যিক বিস্তার ও গভীরতা দিতে পারে, সংগীতের অব্যর্থ প্রয়োগ কি ভাবে একটা গোটা দেশের মর্মবিদারক হাহাকারের প্রতীক হয়ে উঠতে পারে, সংগীতের ব্যবহার কি প্রবলভাবে আমাদের অস্তিত্বের শিকড় ধরে নাড়া দিতে পারে, ঋত্বিক ঘটকের ছবি না দেখলে তা বোধগম্য হয়না। চলচ্চিত্রে সংগীতের ব্যবহার নিয়ে যারা গবেষণা বা পড়াশোনা করতে চাইবেন ঋত্বিকের ছবিগুলো অবশ্যই তাদের আদর্শ।

ঋত্বিকের প্রথম ছবি 'নাগরিক' ১৯৫২-৫৩ সালে তৈরী হলেও মুক্তি পায় ১৯৭৭ সালে। প্রথম ছবিতে অনেক দুর্বলতার কথা চলচ্চিত্র সমালোচকদের দৃষ্টি আকর্ষণ করেছিল, কিন্তু অস্বীকার করার উপায় নেই প্রথম ছবিতেই বাংলা ছবির সিরিয়াস দর্শকগোষ্ঠী বুঝে গিয়েছিলেন যে অন্যধরনের ফিল্ম করতে এসেছেন নবীন এক পরিচালক যিনি চলচ্চিত্র মাধ্যমটিকে মহাকাব্যিক ধাঁচে ধরার চেষ্টা করছেন। আঙ্গিক ও প্রায়োগিক দিক থেকে অনেক দুর্বলতা আমাদের দৃষ্টি এড়ায় না, কিন্তু একটি বেকার জীবনের রুক্ষ, কঠিন সংগ্রাম, আশা-নিরাশা এবং সংঘাত-এর এক বস্তুনিষ্ঠ, মননশীল দলিল 'নাগরিক'। ছবিটি সম্বন্ধে সত্যজিৎ রায় বলেছিলেন, ' ঋত্বিকবাবু! ছবিটা সময় মত রিলিজ হলে আপনি প্রথম পথিকৃৎ হতেন।'

ঋত্বিকের সব থেকে সার্থক ছবির তালিকায় আমরা ধরে নিতে পারি 'অযান্ত্রিক', 'মেঘে ঢাকা তারা', 'কোমল গান্ধার'এবং 'সুবর্ণরেখা'। 'তিতাস একটি নদীর নাম' ও 'যুক্তি তক্কো আর গপ্পো' একটু ভিন্ন অর্থে উল্লেখযোগ্য 'অযান্ত্রিক' ছবিটিকে বলা যায় অসাধারণ একটি চিত্রধর্মী উপন্যাস। একটি গাড়ী, ঘর্ঘর আওয়াজ করা ভাঙাচোরা একটি গাড়ী যে চলচ্চিত্রের একটি কেন্দ্রীয় চরিত্র হতে পারে তা ঋত্বিকের আগে কেউ ভাবেননি, কোন ভারতীয় চলচ্চিত্রে দেখাও যায়নি। ছবিটিতে এক ড্রাইভার ও তার একটি পুরানো ট্যাক্সির কথা বলা হয়েছে। গাড়িটি কাছের এবং দূরের যাত্রীদের নিয়ে ভাড়া খাটতো। একেবারে লজঝড়ে ট্যাক্সির মালিক এবং চালকের নাম বিমল। নিঃশঙ্গ বিমল, একক বিমল ট্যাক্সির নাম দিয়েছে 'জগদ্দল' এবং বিমল তার সমগ্র অস্তিত্ব দিয়ে 'জগদ্দল' কে ভালবাসে। একদিন এক সুন্দরী মহিলা এলেন যাত্রী হিসেবে। কিছুদূর যাওয়ার পর বিমল জানতে পারলো যে মেয়েটি, যুবতী মেয়েটি পরিত্যক্তা, তখন বিমল তাকে বাঁচাতে চাইল, চাইল ভালবাসতে। কিন্তু ভালবাসার অনুভূতিটুকু মেয়েটির কাছে বিমল প্রকাশ করতে পারলো না — মেয়েটি ট্রেনে চড়ে চলে গেল। বিমল

তার প্রিয় ট্যাক্সি 'জগদ্দল'-এ করে ট্রেনটিকে অনুসরণ করতে চাইলো, কিন্তু পারলো না, গাড়ীটি তখন বিগড়ে বসলো, একেবারেই চললো না। রাগে, বিরক্তি এবং ক্ষোভে বিমল পুরানো লোহা-লক্কড়ের কারবারীর কাছে তার ভাঙাচোরা গাড়ীটিকে বিক্রি করে দিল। এরকম একটি গল্প নিয়ে ঋত্বিকই সম্ভবত ভারতীয় চলচ্চিত্র জগতে প্রথম রুক্ষতা এবং সূক্ষ্ম অনুভূতির মিশ্রণে মনকে নাড়া দেওয়া এরকম একটি ছবি করার সাহস দেখিয়েছিলেন।

'অযান্ত্রিক' ছবিতে উপনিবেশবাদের হাত ধরে আসা যন্ত্রযুগে ব্যক্তির একাকীত্ব, নিঃসঙ্গতা সংগীত ও শব্দের সুমিত প্রয়োগের ফলে দ্যোতনাময় হয়ে উঠেছে। 'অযান্ত্রিক' ছবিটি যারা দেখেছেন তাদের তো অবশ্যই বিস্মৃত হওয়ার কথা নয় লোকসংগীতের আশ্চর্য, সার্থক প্রয়োগ। আদিবাসীদের নৃত্য-গীত ছবিটিকে ছন্দোময় করে তুলেছে। ঋত্বিক 'অযান্ত্রিক' কে একটি মহৎ কবিতা হিসেবে তৈরী করেছেন। 'জগদ্দল' একটি পুকুরের পারে চুপচাপ দাঁড়িয়ে আছে, পিছনে বিশাল আকাশ, চতুর্দিকে এক অলৌকিক নীরবতা — ব্যস্, আর কিছু নয়, তৈরী হয়ে গেলো চলচ্চিত্রের নিজস্ব কবিতা, চলচ্চিত্রের একান্ত নিজস্ব ভাষা। ক্যামেরাকে নানা দৃষ্টিকোন থেকেব্যবহার করা হয়েছে। পরিত্যক্তা মেয়েটি ট্রেনের জানালা দিয়ে মুখ বাড়িয়ে বিমলকে কিছু বলতে চাইলো, বিমলও যেন তার অনুচ্চারিত ভালবাসার কথা বলতে উদ্যোগী হলো, কিন্তু এই সময়টুকুর মধ্যে ট্রেন প্লাটফর্ম ছেড়ে দ্রুত এগোতে শুরু করলো। ঠিক এখানেই ঋত্বিকের একটিঅসাধারণ কাজ আছে। ট্রেন প্লাটফর্ম ছাড়ছে দ্রুত গতিতে, মেয়েটি জানালা দিয়ে মুখ বাড়িয়ে আছে, আর বিমল দ্রুতধাবমান ট্রেনের সঙ্গে পাল্লা দিয়ে ছুটছে, ট্রেনের যান্ত্রিক বিকট আওয়াজে কারোর কোন কথাই শোনা গেলো না। প্লাটফর্ম ছেড়ে ট্রেন ধোঁয়া ছাড়তে ছাড়তে চলে গেলো, একেবারে ফাঁকা প্লাটফর্মে বিমল একা। এরকম একটি দৃশ্য যিনি পরিকল্পনা করতে পারেন, তিনি যে মহত্তম চলচ্চিত্র নির্মাতাদের দলভুক্ত, এ বিষয়ে সন্দেহের অবকাশ নেই।

ঋত্বিকের 'মেঘে ঢাকা তারা' একটি খাঁটি ভারতীয় ছবি হয়েও চিরকালীন আবেগ মথিত তাঁর অন্যতম শ্রেষ্ঠ সৃষ্টি। দেশভাগ এবং উদ্বাস্তুদের আশা হতাশার আবহ ঋত্বিকের ব্যক্তিগত প্রিয় বিষয়। 'মেঘে ঢাকা তারা'য় এই বিষয়টিই সঙ্গীত ও ধ্বনির অশ্চর্য সুষম প্রয়োগনৈপুণ্যে দেশীয় সীমারেখা অতিক্রম করে আন্তর্জাতিক মানবতার বেঁচে থাকার আকুল আর্তিতে রূপান্তরিত হয়েছে। দেশ ভাগের পর ভারতে আগত একটি উদ্বাস্তু পরিবারকে বাঁচিয়ে রাখার তাগিদে এক তরুণীর জীবনের বিপর্যয়, ব্যাপক হতাশা, নিষ্ঠুর যন্ত্রনার কাহিনী নিয়ে 'মেঘে ঢাকা তারা'। মেয়েটির জীবনের করুণ পরিণতি, যক্ষ্মারোগে আক্রান্ত মেয়েটির

জীবনের যন্ত্রনাদগ্ধ পরিসমাপ্তি — এই ছোট্ট বিষয়টির ওপর ভর করে গড়ে উঠেছে এই চলচ্চিত্র। ঋত্বিকের প্রতিভার স্পর্শে গল্পটি বিশাল মাত্রা পেয়ে যায়। বৃহত্তর অর্থে আমরা সবাই যে ছিন্নমূল — এই তথ্যটাই ঋত্বিক 'মেঘে ঢাকা তারা'-য় বলতে চেয়েছেন।

চলচ্চিত্র কথনের প্রচণ্ড শক্তিময়তায় 'মেঘে ঢাকা তারা' -র শেষ দৃশ্যে স্বপ্নভঙ্গের যে হাহাকার ঋত্বিক ধারালো হাতিয়ারের মত নির্মাণ করেন তা এক কথায় অনবদ্য। 'দাদা আমি বাঁচতে চাই, আমি বাঁচতে চেয়েছিলাম', — ছবিটির শেষ দৃশ্যে নীতার এই দাবীকে ঋত্বিক শরীরী রূপ দিয়েছেন। নীতার কথাগুলো যেভাবে ধ্বনিত প্রতিধ্বনিত হয়েছে, সাউণ্ড ট্র্যাকের অসাধারণ প্রয়োগ, নীতার কান্না — এইসব কিছু মিলে মিশে সৃষ্টির যে তীব্রতা ঋত্বিক তৈরী করেছেন তা আজো পর্যন্ত বিশ্ব চলচ্চিত্রের কোন চলচ্চিত্র নির্মাতা পেরেছেন কিনা তা নিয়ে গবেষণা হতে পারে। 'মেঘে ঢাকা তারা'-র শেষের এই দৃশ্যটি এমন কোন দর্শক খুঁজে পাওয়া যাবেনা যাকে বিচলিত করেনি, অভিভূত করেনি। বিষয়বস্তু এবং আঙ্গিক নিয়ে ঋত্বিক ছবিটিতে অনেক পরীক্ষা নিরীক্ষা করেছেন। একটি দৃশ্যের কথা এখানে আমার বক্তব্যের সমর্থনে উল্লেখ করছি। রিফিউজি কলোনীর বাড়িগুলো যেমন হয়, ঠিক সেরকম একটি বাড়ির বেড়ার দরজার ফাঁক দিয়ে আবছা আলো আসছে, ঘরের ভেতরে নীতা ও তার ভাই শংকর, আলো-আঁধারির মাঝে নীতা এবং শংকরের গলায় ' যে রাতে মোর দুয়ারগুলি' গানটি যে এফেক্ট সৃষ্টি করেছিল তা চলচ্চিত্রের ভাষায় অনন্য। এধরনের আলো-আঁধারির পরিবেশ নির্মাণে ঋত্বিক ছিলেন দক্ষ শিল্পী। 'মেঘে ঢাকা তারা'-য় অনেকগুলি নাটকীয় মুহূর্ত আছে, কিন্তু প্রত্যেকটি মুহূর্তই জীবনের কথা বলতে চেয়েছে। মেলোড্রামাকেও ঋত্বিক জীবনের সাথে গ্রথিত করে দিতে পেরেছিলেন। ঋত্বিক বিশ্বাস করতেন যে, মেলোড্রামাও জীবনের অঙ্গ, তাঁর ফিল্মে তাই মেলোড্রামাকে অত্যন্ত সাবলীলভাবেই তিনি ব্যবহার করেছেন।

'সুবর্ণরেখা' ছবিতে ঋত্বিক পূর্ববঙ্গের ছিন্নমূল মানুষদের নিয়ে একটু অন্যরকম ছবি তরতে চেয়েছেন। একটা সার্বিক ভাঙনের চিত্রায়ন 'সুবর্ণরেখা'। বিশ্বাস ভেঙে যাচ্ছে, ঐতিহ্যলালিত বিশ্বাস ও মূল্যবোধ ভেঙে যাচ্ছে, চতুর্দিকে সর্বব্যাপক ভাঙন । যে মানুষ দুটোর হাত ধরে, যে মানুষ দুজনের উপর বিশ্বাস রেখে পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু মানুষরা একটা জায়গায় এসে থিতু হবার চেষ্টা করছিল, তারা বিস্ময় ও বেদনায় লক্ষ্য করলো কেন্দ্রীয় চরিত্র ঈশ্বর, প্রতিবাদী হরপ্রসাদ লড়াই-এর পথ ছেড়ে দিয়ে লুকিয়ে, পালিয়ে এলো কলকাতা শহরে বুর্জোয়া, ধনতান্ত্রিক সমাজের মজা উপভোগ করতে। আলো ঝলমল রাতের

কলকাতার মোহিনী রূপের সামনে দাঁড়িয়ে হরপ্রসাদের মুখে ঋত্বিক একটি অসাধারণ সংলাপ রেখেছিলেন। হরপ্রসাদের মনে হয়েছিল বুর্জোয়া এই নগরজীবন 'যুদ্ধ দ্যাখে নাই। মন্বন্তর দ্যাখে নাই। দাঙ্গা দ্যাখে নাই। দেশভাগ দ্যাখে নাই'। ছবিটির আরেক জায়গায় হরপ্রসাদ বলছে, 'আসল কথা কি জান ভাইডি ও প্রতিবাদই করো আর লেজ গুটাইয়া পালাইয়াই যাও, কিছুতেই কিছু যায় আসে না। সব লোপাট, আমরা সব নিরালম্ব, বায়ুভূত।' এ ধরণের সংলাপের মধ্যে একধরণের মহাকাব্যিক বিস্তার রয়েছে যা একান্তই ঋত্বিকের নিজস্ব। ছবিটি সম্পর্কে অভিযোগ উঠেছিলো যে এটি অবক্ষয়ের ছবি। আদতে কিন্তু তা নয়। ঋত্বিক 'সুবর্ণরেখায়' সমগ্র মানবজাতির পুনর্বাসনের প্রশ্নটাকে সামনে নিয়ে এসেছেন। অস্তিত্বের মূল ধরে টান দিয়েছেন।

'সুবর্ণরেখা'-য় অনেক স্বপ্ন ভেঙে গুড়িয়ে গেছে। 'সুবর্ণরেখা'-য় অনেক কোয়েন্সিডেন্স ঋত্বিক প্রয়োগ করেছেন, বিদেশী সমালোচকদের চোখে যা মেলোড্রামা তাকেও অস্তিত্বের মূল ধরে নাড়া দিতে গিয়ে ঋত্বিক ক্যামেরার দৃষ্টিকোণ, শব্দ, ধ্বনি, আবার কখনো পরিপূর্ণ নৈঃশব্দের সার্থক প্রয়োগের মাধ্যমে তীব্র অভিঘাত সৃষ্টি করেছেন। কলকাতার জরাজীর্ন একটি বস্তির ঘরে রাতের কলকাতার মজা লুটতে গিয়ে জীবন যুদ্ধে পরাজিত, হতাশ ঈশ্বর মত্ত অবস্থায় দেহ সওদা করতে গিয়ে যখন আবিষ্কার করে সে তার বোনের ঘরেই এসে পড়েছে, তার বোন সীতা আত্মহত্যা করে, ফিনকি দিয়ে রক্তের বিন্দু বিন্দু দাগ ঈশ্বরের সাদা পাঞ্জাবীতে লাগে, পরমুহূর্তেই ঘরের মেঝেতে উপুড় হয়ে পড়ে ঈশ্বরের জান্তব কান্না - ওই সব কিছুকেই সমালোচক জর্জ সাঁদুলের মেলোড্রামা মনে হয়েছিল, কিন্তু সিকোয়েন্সটি নির্মাণে ঋত্বিকের অসাধারণ দক্ষতাকে তিনি স্বীকার করে নিয়েছিলেন। এ প্রসঙ্গে ঋত্বিকের যুক্তি ছিল ঈশ্বর, পৃথিবীর যে প্রান্তে যে কোন মেয়ের ঘরে প্রবেশ করলে বৃহত্তর অর্থে সেই মেয়েটি ঈশ্বরের বোনই হতো। ছবিটি শেষ হয় বাচ্চা ছেলে বিনুর হাত ধরে ঈশ্বর চলেছে সেই দেশের সন্ধানে, নতুন সেই বাসার সন্ধানে যেখানে 'আঁকাবাঁকা নদী, আর দূরে নীল নীল পাহাড়, সেইখানে বাগানে প্রজাপতিরা ঘোরে আর গান গায়' — সীতার শৈশব স্বপ্নের সেই দেশে কোনোদিনই পৌঁছানো হয়না, ঈশ্বর আর বিনু চলেছে বুর্জোয়া সভ্যতার বাইরে সেই নিরালা বাসার সন্ধানে।

'সুবর্ণরেখা'-য় ঋত্বিক যে সংলাপ রচনা করেছেন তা অনেকাংশে নাট্যধর্মী। সংলাপের এই নাট্যধর্মিতা 'মেঘে ঢাকা তারা' এবং 'কোমলগান্ধার' এও ভীষণভাবে উপস্থিত, এবং ঋত্বিক এটা খুব সচেতনভাবেই করেছেন। জীবনযুদ্ধে পরাজিত,হতাশ ঈশ্বর যখন আত্মহত্যা করতে উদ্যত, অদ্ভুত রহস্যময় আলো-

অন্ধকারের একটা পরিবেশে হরপ্রসাদ যখন 'রাত কত হইল? উত্তর মেলে না' সংলাপটি উচ্চারণ করে, ঈশ্বর থমকে যায়, তারপর থেকে হরপ্রসাদের সব সংলাপই নাটকীয়। সংলাপের এই নাট্যধর্মিতা আমাদের বিশ্বাস ও মূল্যবোধের চূড়ান্ত অবক্ষয়কে টানটান পর্দায় বেঁধে দেয়। ঋত্বিকের ছবিতে, বিশেষত 'মেঘে ঢাকা তারা' ও সুবর্ণরেখা'-য় নাটকীয় সংলাপ ও নাটকীয় মুহূর্ত্ত চাবুকের মত আমাদের নিশ্চল অস্তিত্বের শরীরে আছড়ে পড়ে। 'সুবর্ণরেখা' ছবিটিতে mother archetype এর ব্যবহার সবথেকে বেশী। ছোট্ট মেয়েটি হাততালি দিয়ে ছুটে বেড়াচ্ছে, তার সেই ভীষণ আনন্দের মুহূর্ত্তে তার সামনে এসে দাঁড়ায় বীভৎস কালীমূর্ত্তি। ঋত্বিক সম্ভবত এটাই বোঝাতে চেয়েছেন যে গোটা মানব জাতি, তার সভ্যতা ও ভয়ংকর কালীমূর্ত্তির archetypal image -এর সামনে পড়ে গেছে। বিভিন্ন পুরা কাহিনী, লোককথা, পৌরাণিক বিশ্বাস থেকে ঋত্বিক তাঁর ছবির রূপক-রূপকল্প নির্মাণ করেছেন, যার মধ্যে সবচেয়ে প্রিয় রূপকল্প হলো আদিশক্তি ও মাতৃমূর্ত্তি, আর এইসব কিছুই ঋত্বিকের ছবিতে একটা ধ্রুপদী মেজাজ, ক্লাসিকধর্মিতার আবহ সৃষ্টি করেছে।

'কোমল গান্ধার' ছবিতে দেশভাগের তীব্র বেদনা, গণনাট্য আন্দোলনে যারা সে সময় নেতৃত্বে ছিলেন তাদের দ্বিধা-দ্বন্দ্ব, ছবির নায়িকা অনসূয়ার মনের জগতে নিরন্তর ভাঙনের, দ্বিধার বেদনা ও অসহায়তা ঋত্বিকের অনন্য চলচ্চিত্রের দৃষ্টিকোণ থেকে আমাদের বুকের মধ্যে বেজে ওঠে। ছবিটিতে প্রতীক এবং সংলাপ দর্শককে অন্যজগতে নিয়ে যায়। ঋত্বিকের চলচ্চিত্রায়নের মুন্সীয়ানায় নায়িকা অনসূয়া হয়ে ওঠে আমাদের বাংলাদেশের মুখ, সমস্ত ভাঙনকে জুড়তে পারে অনসূয়া, মিলনের পথ তৈরী করতে অনসূয়াই সক্ষম। অনসূয়া বিপর্যস্ত মূল্যবোধ, ছিন্নমূল অস্তিত্বের বেদনা, দেশভাগের যন্ত্রনা — সব কিছুকেই মেলাতে পারে, এবং অনসূয়া হয়ে ওঠে তাই মিলনের প্রতীক। অবিভক্ত, আবহমান বাংলার প্রতীক অনসূয়া। 'কোমলগান্ধার' তাই মিলনের ছবি।

'কোমল গান্ধার' -এ ভেঙে যাওয়া সবকিছুকে মেলানোর পরিপ্রেক্ষিতে সঙ্গীত একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। ছবিটিতে রবীন্দ্রসংগীতের যেমন অব্যর্থ প্রয়োগ আমাদের মুগ্ধ করে, তেমনি বিভক্ত সব কিছু একটা জায়গায় মিলিত হোক, এই আকুতিকে ধরবার জন্য ঋত্বিক ছবিটিতে অনেক বিয়ের গান ব্যবহার করেন, যে গানগুলি সমগ্র ছবিটিতে আন্তরিক মিলনের আবহ তৈরী করে। "ব্রাহ্মণে চিত্রাইছে পিঁড়ি, মধ্যে সোনা দিয়া, আইজ হইবে সীতার বিয়া", কিম্বা "আমের তলায় ঝামুর ঝুমুর কলাতলায় বিয়া" — এরকম টুকরো টুকরো গানের কলি, শাঁখ ঘন্টার আওয়াজ, পুরনারীর উলুধ্বনি—এই সব

কিছুই 'কোমলগান্ধার'-এর বক্তব্যকে ধারালো করে। সর্বব্যাপ্ত ভাঙনের মধ্যে মিলনের বাসনা তীব্র থেকে তীব্রতর হয়ে আমাদের বুকে বাজে, অস্তিত্বের দ্বন্দ্ব একটা নতুন মাত্রা পায় 'কোমলগান্ধার' ছবিটিতে। সত্যজিৎরায়ের ঋত্বিক-মূল্যায়ন একশোভাগ যথার্থ, কেননা সম্পূর্ণ দেশজ পরিবেশে, একান্ত নিজস্ব চলচ্চিত্র-ভাবনায় ঋত্বিক ভৌগোলিক সীমানার মধ্যে আবদ্ধ থেকেও সমগ্র মানব জাতির শিকড়হীনতার যন্ত্রনাকে যেমন প্রকাশ করেছেন, পাশাপাশি অস্তিত্বের নিরাপত্তাহীনতায় মুখ থুবড়ে পড়া বাড়িটাকে দাঁড় করাবার চেষ্টা করেছেন।

'তিতাসএকটি নদীর নাম' এবং 'যুক্তি তক্কো আর গপ্পো' ছবিদুটো ঋত্বিক যখন তৈরী করেন, তখন তিনি ভয়ংকর অসুস্থ, হতাশ, বিভ্রান্ত। কিন্তু ছবিদুটোতে ধ্বংসই শেষ কথা নয়, জীবনের অন্য দিগন্ত, সম্ভাবনার দিগন্ত উন্মোচিত হয়। ছবি দুটোতে সঙ্গীতের ব্যবহার উল্লেখ্য। 'তিতাস'-এ সঙ্গীত কোন প্রত্যক্ষ চেহারায় প্রকাশ পায়নি, সরোদের শান্ত, সমাহিত, মূর্ছনায় 'তিতাস একটি নদীর নাম' -এ তিতাসের শান্ত রূপটিকে যেমন ঋত্বিক ধরার চেষ্টা করেছেন, অন্যদিকে মালোদের সহজ, সরল জীবনযাত্রা, আদিগন্ত বিস্তৃত নীল আকাশ সরোদের সূক্ষ্ম মীড়ের ছোঁয়ায় বিমূর্ত অবস্থাতেও শরীরী রূপ পেয়েছে। ছবিটিতে একটি লৌকিক গানকে ঋত্বিক অব্যর্থ দ্যোতনায় প্রয়োগ করেছেন। 'যুক্তি তক্কো আর গপ্পো' তে নীলকণ্ঠ বাগচীর গলায়, দেবব্রত বিশ্বাসের উদাত্ত স্বরে 'কেন চেয়ে আছো গো মা মুখ পানে' রবীন্দ্র সংগীতের অব্যর্থ ব্যবহার ভারতীয় চলচ্চিত্রের ইতিহাসে ক'টি ছবিতেখুঁজে পাওয়া যাবে তা গবেষণার বিষয়। 'তিতাস একটি নদীর নাম'- এ মালোদের সমাজ ধ্বংস হয়ে যাবার পরেও, তিতাসের জল শুকিয়ে যাবার পরেও ধানক্ষেতের মাঝ দিয়ে একটি শিশু মনের আনন্দে বাঁশি বাজাতে বাজাতে ছুটতে থাকে। প্রতীকটি জীবনের কথা বলে, জীবনের গান গায়। 'যুক্তি তক্কো আর গপ্পো'তে হতাশ, হারিয়ে যাওয়া, ফুরিয়ে যাওয়া বুদ্ধিজীবী নীলকণ্ঠী বাগচী পুলিশের গুলিতে মারা যাবার আগে বলেছিলেন — 'একটা কিছু করতে হবে তো?' — আর মারা যাবার পরে পাশে এসে দাঁড়ায় তার ছেলে 'সত্য', জীবনের পক্ষে 'সত্য' দাঁড়ায়।

শিল্প এক বিশেষ ধরণের নির্লিপ্তি দাবী করে। ঋত্বিক ঘটকের কোন ছবিতেই তা পাওয়া যায় না। প্রতি মুহূর্তে ব্যক্তি ঋত্বিক বড় বেশী হয়ে প্রতীয়মান হন তার ছবিতে। অনেক ক্ষেত্রে অতি-ব্যবহার, কিছু কিছু ক্ষেত্রে পরিমিতি বোধের অভাব, কোথাও বা আরোপিত ঘটনা বিন্যাস আমাদের চোখকে কিছুটা হলেও পীড়া দেয়। এইসব সামান্য বিচ্যুতি চলচ্চিত্রের অন্যান্য ক্ষেত্রে বিশ্বখ্যাত সব পরিচালকের ছবিতেই খুঁজে পাওয়া যায়। কিন্তু সমকালের দুঃসহ পরিবেশের

বিরুদ্ধে আমাদের সুখী, নিশ্চিন্ত জীবনকে যেভাবে ঋত্বিক তাঁর চলচ্চিত্রে নাড়া দিয়েছেন, সজোরে আঘাত করেছেন তা ঋত্বিকের আগে এবং এখনো পর্যন্ত কেউ করতে পেরেছেন বলে জানা নেই। এমন একটি চিত্র কাঠামো ঋত্বিক তৈরী করেছিলেন যা সম্পূর্ণভাবে গতানুগতিক ধারার বিরোধী। ঋত্বিক চলচ্চিত্রের একটা নিজস্ব ভাষা তৈরী করেছেন, ফটোগ্রাফিকে অর্থপূর্ণ আঙ্গিক সৃষ্টির জন্য ব্যবহার করেছেন, নাট্যধর্মিতা এবং চলচ্চিত্রের আঙ্গিককে একটা সুতোয় গ্রথিত করেছেন। চলচ্চিত্রের সমস্ত রকম আঙ্গিককে ভেঙে চুরে, নানা বিভঙ্গে বিন্যস্ত করে, ঋত্বিক সম্পূর্ণ একটি দেশীয় চলচ্চিত্র শৈলী তৈরী করেছেন, আর এখানেই ঋত্বিক প্রকৃত শিল্পী। 'সুবর্ণরেখা'য় রাতের কলকাতায় হোটেলের দৃশ্যে হরপ্রসাদের উপনিষদ আবৃত্তি যে তীব্র অভিঘাত সৃষ্টি করে তা অবশ্যই ঋত্বিকের চলচ্চিত্র-ভাষার উজ্জ্বল উদাহরণ। জীবনের একটা চিরন্তন ধারাবাহিকতা ঋত্বিকের সব ছবিতেই প্রবহমান। এই ধারাবাহিকতার স্রোতে নিরন্তর বয়ে চলেছে শিকড়-হীন মানুষের বিষন্ন আবসাদ, জন্ম-মৃত্যু-বিবাহ-লোকসংস্কৃতি-পুরাণের প্রতীক-পাঁচালী-বিজয়ার গান-বিবাহের গান ইত্যাদির কালচক্র। চলচ্চিত্রের এই বাচনভঙ্গী, দেশজ এই আঙ্গিক ঋত্বিকের চলচ্চিত্রে হয়ে ওঠে দেশীয় সংস্কৃতির প্রতীক, এবং এজন্য ঋত্বিককে অতিরিক্ত মননশীলতার দায়ে অভিযুক্ত ও করা হয়েছে, কিন্তু কোনভাবেই তার বিস্ময়কর দুঃসাহসিক স্বকীয়তাকে অস্বীকার করা যায় না।

'Cinema and I' নামক গ্রন্থে ঋত্বিক ঘটক সম্পর্কে সত্যজিৎ রায়ের উক্তিটি প্রণিধানযোগ্য। "He was one of the few truly original talents in the cinema this country has produced. Nearly all his films are marked by an intensity of feeling coupled with an imaginative grasp of the technique of film -making. As a creator of powerful images in an epic style he was virtually unsurpassed in Indian cinema. He also had full command over the all-important aspect of editing; long passages abound in his films which are strikingly original in the way they are put together. This is all the more original when one doesn't notice any influence of other schools of film-making on his work. For him Hollywood might not have existed at all. The occasional echo of classicl Soviet cinema is there, but this doesn't prevent him from being in a class by nimself."

— Satyajit Ray

The Inner Eye – Andrew Robinson.

'কোমল গান্ধার' ছবিতে নায়ক ভৃগু অনসূয়াকে বলেছিল, 'ওপারে ঐ

যে দেখা যায় ওখানে আমার দেশ। আমার বাড়ী। আমার মা-বাবা-ভাই-বোন সব কোথায় হারিয়ে গেল। আমার ঠাকুমা বলতেন কবে আমরা আবার নিশ্চিন্দি হবো।' শুধু পূর্ববঙ্গের উদ্বাস্তুরাই নয়, সমগ্র বিশ্বের মানুষই অস্তিত্বের অসহনীয় বোঝা বইতে বইতে ক্লান্ত, অবসন্ন। সব মানুষই খুঁজে বেড়াচ্ছে 'নিশ্চিন্দি' হওয়ার পথ, কিন্তু ক্লান্ত মানবাত্মার চরম আকূতি সত্ত্বেও 'নিশ্চিন্দি' হওয়া যাচ্ছে না। ভৌগোলিক সীমানার মধ্যে আবদ্ধ থেকেও ঋত্বিক তার ছবিতে বিশ্বমানবাত্মার নিজ বাসভূমে পরবাসী হয়ে থাকার যন্ত্রনাকে চলচ্চিত্রায়িত করেছেন। এখানেই ঋত্বিক চিরন্তন, আধুনিক।

বৈদিকযুগে নারীজাতির স্থান

স্বাতী সরকার

বৃহদারণ্যক উপনিষদে আছে সৃষ্টিকর্তা বিরাট পুরুষের আপন সৃষ্টিবৈচিত্র্যকে উপলব্ধির ইচ্ছা থেকেই নারীসত্তার উৎপত্তি —

"**আত্মবেদমগ্র আসীদেক এব, সোঽকাময়ত জায়া মে স্যাৎ**"—

অর্থাৎ সৃষ্টির পূর্বে আত্মাই একমাত্র ছিলেন, তিনি কামনা করলেন আমার জায়া উৎপন্ন হোক। — এই ঔপনিষদিক বাণী প্রকৃতপক্ষে নারীজাতির মহিমা সম্বন্ধীয় ভারতীয় ধারাকেই তুলে ধরে। ভারতীয় দর্শনে নারী সৃষ্টির সঙ্গে অভিন্ন, অখণ্ড সত্তার প্রকাশবৈচিত্র্যের রূপায়ণে নারী অপরিহার্য।

বৈদিকযগে সমাজেও নারী জাতির একটি সমুন্নত স্থানই আমাদের দৃষ্টি আকর্ষণ করে। বৈদিক সাহিত্যের আদিগ্রন্থ ঋক্‌বেদের মন্ত্রে এবং পরবর্তী সংহিতা ও ব্রাহ্মণগ্রন্থগুলিতেও সামান্য দুএকটি বিচ্ছিন্ন উক্তি ছাড়া সাধারণভাবে নারীর প্রতি কোন অশ্রদ্ধার ভাব দেখানো হয়নি। আমাদের প্রাচীন আর্য ঋষিরা উপলব্ধি করেছিলেন, যেমন ব্যবহারিক জীবনে, তেমনই ভাবজগতেও পুরুষের সঙ্গে নারীরা সমানাধিকারসম্পন্না। একথা তাঁরা জগতের সামনে ঘোষণা করতেও কুণ্ঠিত ছিলেন না । সেইজন্য প্রাচীন ভারতবর্ষের ইতিহাসে আমরা তত্ত্বদ্রষ্ট্রী ও ব্রহ্মবিদুষী বহু নারীর সাক্ষাত পাই যাঁদের নাম আজও শ্রদ্ধার সঙ্গে উচ্চারিত হয়ে থাকে। বিশ্ববারা, রোমশা, লোপামুদ্রা, ঘোষা, অপালা প্রভৃতি দিব্যভাব সম্পন্না নারীঋষিগণের দৃষ্ট সূক্ত পুরুষঋষিদের দৃষ্ট সূক্তের সঙ্গে একসঙ্গেসংকলিত হয়েছে।

শুধুমাত্র অধ্যাত্ম সাধনায় নয়, সামাজিক তথা পারিবারিক জীবনের প্রতিটি ক্ষেত্রেও নারীরা পুরুষের সঙ্গে সমানাধিকার ভোগ করতেন। বিশেষতঃ ঋক্‌বেদের মন্ত্রের নানা উল্লেখ থেকে মনে হয় যে, সেইসময় নারীরা জীবনের প্রতিটি ক্ষেত্রে সচ্ছন্দ চারিণী ছিলেন। পিতৃতন্ত্রিক সমাজে পুত্র সন্তানের জন্ম বংশধারাকে অবলুপ্তির পথ থেকে রক্ষা করার জন্য আবশ্যক। কিন্তু তর থেকে এটা প্রমাণিত হয় না যে কন্যাসন্তানের জন্ম অবাঞ্ছনীয় ছিল। বৃহদারণ্যক উপনিষদে উল্লেখ আছে যে, শিক্ষিত পুত্রের মত শিক্ষিত কন্যাও পিতামাতার নিকট একান্তকাম্য ছিল। ঋক্‌বেদোত্তর বৈদিক সাহিত্যে অবশ্য কখনও কখনও নারীর সম্বন্ধে দু'একটি অশ্রদ্ধাসূচক উক্তি পাওয়া যায় কিন্তু তার থেকে সমাজে নারীর স্থান সম্বন্ধে সামগ্রিক ধারণা করাও উচিত নয়।

নারীগণের শিক্ষালাভ বিষয়ে বৈদিকযুগের প্রাথমিক পর্বে বিশেষ কোন বিধিনিষেধ ছিল না বলেই মনে হয়। বৈদিক সমাজে সকলশ্রেণীর জনগণের মধ্যে নারীশিক্ষার সমাদর ছিল কিনা সে কথা সঠিক বলা যায় না। তবে উচ্চশ্রেণীর আর্যগণ যে নারীশিক্ষা বিষয়ে পক্ষপাতী ও উৎসাহী ছিলেন তাতে কোন সন্দেহ নেই। নারীরা বৈদিক মন্ত্র উচ্চরণ করতে পারত এবং সেকারণেই তাদের উপনয়নবিধি পুরুষের ন্যায় অবশ্য কর্তব্য ছিল। উপনয়নের পর 'দ্বিজ' হয়ে রমনীগণ ব্রহ্মগায়ত্রী মন্ত্র পাঠ করতেন, পবিত্র অগ্নি আধান করে হোম করতেন এবং বেদ ও অন্যান্য গ্রন্থপাঠ করতেন। শিক্ষারম্ভ করে তাঁরা সাধারণত ষোল-সতেরো বৎসর পর্যন্ত শিক্ষালাভের সুযোগ পেতেন। এরপর তাঁদের বিবাহ হোত। বাল্য বিবাহের কথা ঋকবেদে উল্লেখ নেই। নারীগণের বিবাহযোগ্য বয়স সম্বন্ধে স্পষ্টতঃ উল্লেখ না থাকলেও যজুর্বেদ বা অথর্ববেদে বলা হয়েছে যে, ব্রহ্মচর্যাবস্থা যথাযথ ভাবে যাপন করে রমনীগণ বিবাহ বন্ধনে আবদ্ধ হতেন। পতি নির্বাচনের বিষয়ে ঋকবেদীয় সমাজে নারীদের কিছু স্বাধীনতা ছিল।

"স্বয়ং সা মিত্রং বৃনুতে জনে চিৎ" — ঋক্‌বেদীয় এই মন্ত্রটি এ বিষয়ে প্রমান স্বরূপ। অবাঞ্ছিত জামাতার ক্ষেত্রে কন্যাপণ দিয়ে শ্বশুরবাড়ির লোকেদের মনোরঞ্জনের কথা পাওয়া যায়। আবার কন্যার কোনো শারীরিক ত্রুটির ক্ষেত্রে বরপণ বা যৌতুক দেবার রীতিও ছিল বলে মনে হয়। নারীদের বিবাহ আবশ্যক ছিল না। পিতৃগৃহে বাসকালে কুমারী কন্যার উল্লেখও ঋক্‌বেদে পাওয়া যায়। এ সমস্ত অবিবাহিতা কন্যা আবার পিতার সম্পত্তির অধিকারী ছিলেন। বহুবিবাহ প্রথা সমাজে প্রচলিত ছিল। তবে সে শুধু পুরুষের ক্ষেত্রে। নারীদের বহুবিবাহ ও একাধিক পতিগ্রহণের অধিকার প্রথম দিকে ঋক্‌বেদের যুগে থাকলেও পরবর্তীকালে পিতৃতান্ত্রিক সমাজে তা লুপ্ত হয়। পুরুষেরা বহুবিবাহ করলেও বৈদিক সমাজে দাম্পত্য সম্পর্কের আদর্শও উচ্চই ছিল বলে মনে হয়। গৃহে উভয়েই সুখে শান্তিতে যৌথ জীবনযাপন করতেন এতে কোন সন্দেহের অবকাশ ছিল না।

বিবাহের যে মন্ত্রগুলি ঋক্‌সংহিতায় পাওয়া যায় সেগুলি থেকে বিবাহ বন্ধনের গভীরতা ও পবিত্রতা যেমন অনুমিত হয়, তেমনই গৃহে ও সমাজে নারীর স্থান সম্মানীয় ছিল বোঝা যায়। দশম মণ্ডলের একটি সূক্তে নববধূর আচরণীয় কর্তব্য সম্বন্ধীয় বিষয় বিধৃত আছে। গৃহিনীরূপে রমনীরা অনেক দায়িত্ব বহন করতেন। ঋক্‌বেদের মন্ত্রে উপমার সাহায্যে রমনীর এই পারিবারিক দায়িত্বের কথা উল্লেখ করা হয়েছে — "গৃহিনী যেমন জাগরিত হয়ে সকলকে জাগরিত করেন, উষাও জগৎজনকে তেমনি জাগরিত করেন।"

শুধু পারিবারিক জীবনে স্ত্রী কর্তৃত্ব করতেন তাই নয়, ধর্মচরণের ক্ষেত্রেও তাঁর অধিকার ছিল। ঋক্‌বেদীয় মন্ত্রে সপত্নীক যজমানের যজ্ঞ সম্পাদনের বিবরণ পাওয়া যায়। প্রত্যেক প্রধান যজ্ঞে 'পত্নীসংযাজ' নামে একটি যাগ অনুষ্ঠিত হত। এতে যজমান পত্নীকে অংশ গ্রহণ করতে হত এবং বেদের কিছু কিছু মন্ত্র তাঁর পঠনীয় ছিল।

সহমরণ প্রথা ঋক্‌বেদীয় সমাজে প্রচলিত ছিল না — একথা নিশ্চিতভাবে বলা যায়। ঋক্‌বেদের কোথাও সতীদাহ বা সহমরণ প্রথার উল্লেখ নেই। বরং বিধবাদেরও যে সমাজে বেঁচে থাকার অধিকার এবং সমাজ বাঁচাতে তাদেরও যে দায়িত্ব আছে তা বৈদিক ঋষি সদ্যবিধবাদের বোঝাতেন। পরবর্তীকালে সমাজিক অবস্থার বিবর্তনের ফলেই হোক, বা আর্যবহির্ভূত অন্য কোন সভ্যতার প্রভাবেই হোক, সহমরণ প্রথার উল্লেখ অথর্ববেদে পাওয়া যায়। ঋক্‌বেদের সময় এই কুপ্রথার প্রচলন না থাকায় বিধবা রমনীদের বেঁচে থাকার কোন অসুবিধা ছিল না। অনেক সময় তাঁরা দ্বিতীয়বার বিবাহ করতেন। অধিকাংশ সময় তাঁরা দেবরের সঙ্গে দ্বিতীয়বার বিবাহ বন্ধনে আবদ্ধ হতেন। তবে দেবর ছাড়াও অন্যকে বিবাহ করার অধিকারও সম্ভবত ছিল। দাম্পত্য জীবনের পবিত্র আদর্শের পাশাপাশি বৈদিক সমাজে পতিতাবৃত্তিরও প্রচলন ছিল। বিপথগামিনী নারী সমাজে যথেষ্ট নিন্দনীয়া ছিল। অথচ কুমারীর গর্ভজাত সন্তান আপন কর্ম ও মনীষার দ্বারা সমাজে বিশিষ্ট পদবী লাভ করেছে এমন দৃষ্টান্তও পাওয়া যায়।

বৈদিকযুগে বাল্যবিবাহের প্রচলন ছিল না বলেই নির্দিষ্ট কয়েক বছর শিক্ষালাভে রমনীদের কোনো বাধা ছিল না। ষোল-সতেরো বছর বয়সে শিক্ষা সমাপ্ত করে যাঁরা বিবাহ করতেন তাঁদের 'সদ্যোদ্বধূ' বলা হত। তাঁরা ছাড়া আর এক শ্রেণীর নারীবিদ্যার্থিনী ছিলেন যাঁরা আরও অধিকদিন অবিবাহিতা থেকে শিক্ষালাভ করতেন। তাঁদের 'ব্রহ্মবাদিনী' বলা হত। এঁরা অনেকসময় সারা জীবনও অবিবাহিতা থাকতেন। বৈদিকভারতের নারীরা জ্ঞানচর্চা ছাড়া প্রকাশ্যে অধ্যাপনার কাজ করতেন। পরবর্তী সংস্কৃত ব্যাকরণে 'উপাধ্যায়' পদের স্ত্রী লিঙ্গ হিসাবে 'উপাধ্যায়ানী' ও 'উপাধ্যায়া' এদুটি পদ পাওয়া যায়। 'উপাধ্যায়ানী' পদের অর্থ হল উপাধ্যায়ের স্ত্রী। এর সঙ্গে অধ্যাপনার সংযোগ ছিল না। কিন্তু যে নারী স্বয়ং অধ্যাপনা করতেন তাঁদের বলে ' উপাধ্যায়া'।

জ্ঞান চর্চার এই অবাধ স্বাধীনতার জন্যই বৈদিকযুগে রমনীদের অনেকেই শিক্ষায় সমুন্নত হয়ে জ্ঞানীগুণীদের অগ্রগণ্যা হয়েছিলেন। মন্ত্ররচয়িত্রী নারীঋষিদের কথাও জানা যায়। উপনিষদের যুগেও এমন বিদুষী নারীর কথা জানা যায় যিনি প্রকাশ্য সভায় দার্শনিক আলোচনায় অংশ গ্রহণ করতেন।

ব্রহ্মবাদিনী গার্গী এরকম একজন প্রথিতা নারীঋষি। মিথিলারাজ জনকের সভায় বহু জ্ঞানীগুণী ব্যক্তির সমাবেশে তিনি ব্রহ্মজ্ঞ যাজ্ঞবল্ক্যের সঙ্গে বিদ্যাবিষয়ক বিতর্কে ব্যাপৃতা হন। বিতর্কে উভয়েই অপরাজিত হন এবং দুজনেই সমান পারদর্শীরূপে বিবেচিত হন। বৃহদারণ্যক গ্রন্থে যাজ্ঞবল্ক্য পত্নী ব্রহ্ম জিজ্ঞাসু মৈত্রেয়ীর আখ্যান পাওয়া যায় যিনি পার্থিব সম্পদ অবহেলা করে অমৃতত্বলাভের জন্য উৎসুক হন।

"যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্যাম্" — মৈত্রেয়ীর এই বলিষ্ঠ জিজ্ঞাসা তাঁর আধ্যাত্মিক অনুসন্ধিৎসারই পরিচায়ক। এই দুজন ছাড়া সুলভা, বড়বা, প্রাথিতেয়ী প্রভৃতি আরও কয়েকজন নারীর নাম জ্ঞানী সমাজে উচ্চারিত হওয়ার জন্য চিরস্মরণীয়।

বৈদিক শিক্ষা ছাড়া নানাবিধ ললিতকলাতেও বৈদিক যুগের নারীদের বিশেষ পারদর্শিতার কথা জানা যায়। সঙ্গীত ও নৃত্য এই উভয়বিধ কলাবিদ্যায় নারীপুরুষ নির্বিশেষে সকলের অধিকার থাকলেও নারীরা বিশেষ করে কলাবিদ্যা শিক্ষা করতেন বলে মনে হয়। শতপথ ব্রাহ্মণে একটি উপাখ্যানে বলা হয়েছে যে দেবতারা সঙ্গীত ও নৃত্যকলা সৃষ্টি করে তা সর্বপ্রথম বাগ্‌দেবীকেই শিক্ষা দেন। সুতার সাহায্যে সেলাই করা, পশমের বস্ত্রবোনা, বস্ত্রালংকরণ প্রভৃতি কাজে নারীরা নৈপুন্য দেখাতেন। আবার তুলা থেকে সুতা তৈরী, বস্ত্রাদি ও সুতা রং করা, ঝুড়ি, রজ্জু প্রভৃতি তৈরী করা, নানবিধ সুগন্ধী প্রস্তুতিতে নারীরাই অগ্রণী ছিল। বৈদিক যুগে মুদ্গলিনী, বিশ্বপলা, শশীয়সী প্রভৃতি যোদ্ধা রমনীদের উল্লেখ পাওয়া যায়।

বিভিন্ন আলোচনা থেকে মনে হয় পুরুষ প্রধান সমাজ হলেও বৈদিক সমাজে নারীজাতির স্থান যথেষ্ট উন্নত ছিল। তবে বৈদিক যুগের প্রথমেই ঋক্‌বেদাদি গ্রন্থে নারীর যে স্বতন্ত্র ও উন্নত ভূমিকা আমরা দেখি তা যে বৈদিক যুগেরই শেষ দিকে ক্রমশঃ পরিবর্তিত হচ্ছিল তাতে কোনো সন্দেহ নেই। এমনকি ঋক্‌বেদেও কোথাও কোথাও নারী সম্বন্ধে বিরূপ মন্তব্য পাওয়া যায়।

"ইন্দ্রশ্চিদ্ধা তদব্রবীৎ স্ত্রিয়া অশাস্যং মনঃ
উতো অহ ক্রতুং রঘুম্।।" — অর্থাৎ ইন্দ্র প্রকৃতই বলেছেন, নারীর মন অশাস্য; তার ক্রতু অর্থাৎ জ্ঞান লঘু কিংবা, "ন বৈ স্ত্রৈনানি সখ্যানি সন্তি / সালাবৃকানাং হৃদয়ান্যেতা"।— অর্থাৎ "স্ত্রীলোকের প্রণয় স্থায়ী হয় না; স্ত্রীলোকের হৃদয় বৃকের ন্যায়।"

তাছাড়া পুরুষ শাসিত সমাজে নারীর মর্যাদা ও সম্মান বিষয়ে, আদর্শ বিষয়ে যত কথাই বলা হোক না কেন তার সবটাই যে সর্বাংশে মানা হত তা

নয়। তবে ঋক্‌বেদের সময় সমাজে জটিলতা নিঃসন্দেহে কম ছিল, আর সেই কারণে যুক্তিহীন আচারের প্রাবল্য তখনও বিচারের বোধকে আচ্ছন্ন করে নি। সেই সঙ্গে ঋক্‌বেদের ঋষিদের জীবন সম্পর্কিত সুস্থ সবল দৃষ্টিভঙ্গী নারীকে তার প্রাপ্য মর্যাদা দানে অকুণ্ঠিত ছিল বলেই মনে হয়। কিন্তু ক্রমে অবস্থার পরিবর্তন ঘটে। যজুর্বেদের সময়ে নারী সম্পর্কের জটিলতা বৃদ্ধি ও ব্রাহ্মণ্য সম্প্রদায়ের আধিপত্য, সর্বোপরি অনার্য-সংস্কৃতির সংমিশ্রণ — এসব মিলে সমাজে যে পরিবর্তন আসছিল তার প্রভাব নারীজাতির উপর পড়েছিল। তাদের শিক্ষার অধিকার সংকুচিত হয়ে যায়; বিবাহই তাদের জীবনে প্রধান হয়ে দাঁড়ায়। বৈদিক সাহিত্যের শেষ পর্যায়ে সূক্তগ্রন্থের আহুতিপ্রদান পূর্বক স্ত্রীজাতির হোম করা নিষিদ্ধ হয়ে যায়।

সুতরাং একথা অস্বীকার করা যায় না যে, ঋক্‌বেদের পরবর্তী সময়ে সমাজের দৃষ্টিতে নারীজাতির মর্যাদা ধীরে ধীরে ম্লান হয়ে যায়। "কন্যা অভিশাপ" "নারী মিথ্যাচারিনী" ইত্যাদি নারীর পক্ষে অবমাননাকর উক্তিগুলি ঋক্‌বেদোত্তর বৈদিক সাহিত্যে পাওয়া যায়। পুরুষ প্রধান পরিবারভিত্তিক সমাজে এভাবে নারীর মর্যাদা ক্ষুন্ন হওয়া অস্বাভাবিক নয়। অথর্ববেদে সপত্নী বিনাশ সূত্ত বা প্রতিষ্ঠাপনসূক্ত অর্থাৎ পলাতকা নারীকে গৃহে প্রতিষ্ঠিত করা কোনো প্রচলিত সমাজিক প্রথারই প্রতিফলন। কিন্তু এরই মধ্যে গার্গী বা মৈত্রেয়ীর মত কোন কোন নারী গৌরবে-মহিমায়-বিদ্যাবত্তায় সকল বিধিনিষেধকে অতিক্রম করে সমুজ্জ্বল হয়ে আছেন। তাঁরা নিঃসন্দেহে ব্যতিক্রমী। আর এই ব্যতিক্রমীরাই তো যুগে যুগে সমাজকে এগিয়ে নিয়ে চলেছে।

Social Science

A Journey Into The Dark Cavern Of The Mind

Dr. Aditi Bhattacharya

"Midway upon the journey of our life
I found that I was in a dusky wood ;
For the right path, whence I had strayed, was lost.
Ah me! How hard a thing it is to tell
The wilderness of that rough and savage place,
The very thought of which brings back my fear!
So bitter was it, death is little more so ;
But that the good I found there may be told,
I will describe the other things I saw."

Sigmund Freud remembered the above lines from the opening of canto 1 of Dantes' Inferno when he first discovered the power of the unconscious – the dark cavern of the mind. For centuries before Freud, Philosophers, biologists, noveltists and Poets recognized that mental activities of various kinds occur without awareness — we are not always conscious of everything that happens in our mental world — there is something underlying our conscious mind, which we can refer as unconscious mind, However, the nature and structure of the unconscious mind, its mode of operation and role of its illness were left for Freud to explain.

Freud was born in 1856 in a Jew family. The family came from Freiberg in Moravia to Vienna in the year 1860. Freud started his profession as a medical student in Vienna Medical College in the year 1873. He thought it was the best way to get a thorough scientific training for probably they had the greatest Medical Faculty in Europe. After five years of medical study Freud was working full time in Professor Brucke's Institute of Physiology, who was one of the founders of modern Physiology. In 1877 he completed four pieces of original research and published papers on them. At the age of twenty one Freud's papers on a method for anatomical preparation of the nervous systen aroused interset in the academic world.

As an ardent researcher Freud joined the Psychriatic Department of the Hospital under Professor Theodor Meynert, the neuroanatomist whose marvellous work on brain anatomy

earned him the title "father of the architecture of the brain." He believed that the cortex of the brain is the seat of all personality building functions and declared that all emotional disturbances and mental confusions are caused by physical illness. Though appreciating Meynert's skill and knowledge in brain anatomy Freud couldn't agree with his observation on mental illness. He could not share Meynert's thought that behind every mental distrubance there is a physical cause. In Meynert's psychriatic department the lunatics were treated with sedative drugs to pacify their mental tensions, electrical therapy and other massages were applied and hot bath on one day and cold bath on the other were prescribed to give them relief from their emotional disburbance. Sometimes the patients were cured but only to come back after a few months or years. Professor Meynert used to say he never saw a lunatic cured. The incredible sufferings of the mental patients made Sigmund gloomy. He spent many sleepless nights to find out where lay the remedy — what were the hidden causes of the abnormal behaviour of those poor helpless fellows.

Freud's research on brain anatomy continued. He discovered some new methods for the study of the course of nerve fibres in the central nervous system. His methods were welcomed and appreciated by the renowned professors of anatomy. Prof. Bruke was elated by the findings of Sigmund's experiments and appreciated him greatly. All his studies and researches had a particular goal, i.e, to unveil the root cause of mental illness. At this period an interesting incident took place which urged Freud thinking with a new vigour that the cause of mental aberrations are not somatic, i.e, physical. A thirty three years old young attractive woman was suffering numbness from her waist and couldn't move her legs for a few months. She was under the treatment of Dr. Joseph Pollok who was a colleague of Freud in the psychriatic Department. One morning Pollok invited Freud to visit the female ward for observing an experiment of a new drug on that woman. Pollok told the woman that he had just completed tests on a new drug which could produce a movement of her legs within sixty seconds, but the drug was extremely dangerous which might cause her death. He suggested the woman she could choose between the alternatives — either to be cured by the new drug

Some of them remained loyal to him throughout their lives, some departed and started new line of thinking – but whether with him or not with him, all of them felt from the core of their heart that they had come across one of the bravest men of the world who had courageously carried on his journey through an unknown and dangerous region where no one before him had dared to step into.

Reference : **Passions of the mind, Irving Stone.**
Encyyclopedia of philosophy, Arthur Pap
Psychoanalytic theory, sigmund Freud.

Women's Emancipation and Krishnabhabini

DR.JAYASHREE SARKAR

"Women are only created for men, and their life has no other meaning except this , is an inhuman and derogatory notion , creating a dangerous and great hindrance on the path of their achieving knowledge and equal rights in this world."[1] - this is what Krishnabhabini Das, believer in women's emancipation, had witnessed Thus, her life's mission was tuned to that end of getting rid of the notion and upholding the cause of women.

Krishnabhabini was born in a remote village in 1864 in a prosperous, traditional Hindu family of Murshidabad (Bengal). Though her father used to teach her at elementary level, her education, in the real sense of the term, only began with her marriage to Devendranath Das, at a tender age of ten. An ideal marital, companionship was beginning to grow but soon Devendranath left for England in 1876 to slt for the Civil Service Examination. But as he had crossed the upper age-limit, his drean remained unfulfilled. When he decided to return to England again, after visiting his ailing father in Calcutta in 1882, Krishnabhabini made up her mind to accompany her husband, leabing her six year old daughter, Tilottama, at the care of the child's grandfather, Srinath Das, a practicing lawyer of the Calcutta High Court and a close friend of social reformer and humanist, Vidyasagar. In 1882, she started her journey for England.[2]

Her travelogue, "England-e Bangamahila" (in Bengali) came out in August 1885. It is not only a detailed chronological account of her voyage, but an analytical essay of the English socicty especially, hihglighting the position of women and family norms, system of education, political set-up and economic condition, religious beliefs seen through the eyes of the newly educated middle-class of Bengal. She also made a comparative study between the condition of her fellow Bengali sisters and emancipated existence of the English women. Her stay in England for nearly a decade (1882-1890) had a role in transforming her personality In the ninetecnth centery, crossing

the seas (kalapani) invited social stigma. Thus Krishnabhabini's journey to England signifies not only leaving the country but a housewife, belonging to a traditional family, out-stepping her domestic sonfines as well as ignoring the social codes of behaviour expected from a young wife. So, in this way, for a woman so long remaining behind the purdah, the words travel' and emancipation' become identical[3].

She recollects in her travelogue that from her childhood, she had a wish to visit Europe Due to her insetiable curiosity, she could not hold her patience when it came to her knowledge that someone had returned from England. But at the same time, she used to console herself that being a Bengali woman, her dreams would remain unfulfilled. While in England, she used to consult the British Museum Library and other libraries. To become an ideal wife of an cnlightened husband was her goal besides satisfying her thirst for unknown. Acquaintancc with people of a totally diffcrent culture and a minute observation of their ways of life had a positive effect in widening her mental horizon. In England, Devendrnath took up tesehing position in three colleges meant for the training of Indian civilians and simultaneously published essays in journals on Vedic and ancient poetry, literature, philosophy, medical scicncc, grammar, mathematics, astronomy and others.[4] In her journey she put a hat like the contemporary European women though she admitted that she felt uneasy.[5] She considered the existence of the Bengali women as 'captivated' who were blind to the developnents and had no power to assist others. Only she, after much trouble was ableto break. 'cage' to enlighten herself. So she asked her fellow sisters in Bengal to break the shackles that had enchained them within the domestic four walls.[6] She diagnosed the cause of the sad plight of her fellow sisters in Bengal "The primary cause of our sad condition is that we are not aware of our faults but when we realize, we do not try to rectify them." To her, remedy lay in interacting with people of different culture and to secept the good qualities of other people.[7] She was a minute observer of the English society especially the English women whose ideals of self-depcndency fascinated her- "Even the unmarried girls too, feel inferior by sitting idly in their parents' home and feel ashamed by remaining

